ঈশ্বর তাঁর গুণাবলীর দ্বারা নিজেকে প্রকাশ করছেন

আমি আমার বন্ধু জোসেফ বোজকে সেখানে দেখে একরকম অবাক হয়ে গেছি, আমি ফিরে তাকিয়ে তার সঙ্গে হাত মেলাতে একটু সময় নিলাম।

2 আসুন এখন ঈশ্বরের বাক্যে ফিরে আসি, ইব্রীয়, ১ম অধ্যায়। আমি পাঠ করতে চাই, একটি অংশের জন্য, ১ম, ২য় এবং ৩য় পদ পড়তে চাই, রাতের জন্য একটি প্রসঙ্গ আনার জন্য।

> *ঈশ্বর পূর্ব্বকালে বহুভাগে ও বহুরূপে ভাববাদিগণে পিতৃলোকদিগকে কথা বলিয়া,*
>
> *এই শেষ কালে পুত্রেই আমাদিগকে বলিয়াছেন, তিনি ইঁহাকেই সর্ব্বাধিকারী দায়াদ করিয়াছেন, এবং ইঁহারই দ্বারা যুগকলাপের রচনাও করিয়াছেন;*
>
> *ইনি তাঁহার প্রতাপের প্রভা ও তত্ত্বের মুদ্রাঙ্ক, এবং আপন পরাক্রমের বাক্যে সমুদয়ের ধারণকর্ত্তা হইয়া...ঊর্দ্ধলোকে মহিমার দক্ষিণে উপবিষ্ট হইলেন;*

3 আসুন এখন প্রার্থনার জন্য মাথা নত করি। এখন তাঁর ঐশ্বরিক উপস্থিতিতে, যদি আপনার কোন প্রার্থনা থাকে যা আপনি তাঁর কাছে করতে চান, আপনি কি আপনার হাত উপরে তুলবেন, এবং এটি আপনার অনুরোধ, যে ঈশ্বর...

4 আমাদের স্বর্গীয় পিতা, আমরা এখন আপনার পুত্র যীশু খ্রীষ্টের নামে বিশ্বাস করে আপনার সিংহাসনের সামনে আসছি। এবং আমাদের এই আশ্বাস দেওয়া হয়েছে যে, "আমরা তাঁর নামে কিছু চাইলে তা দেওয়া হবে।" আর আপনি আমাদের আকাঙ্ক্ষা এবং আমাদের চাহিদা জানেন, এবং আপনি প্রতিশ্রুতি দিয়েছেন যে আপনি আমাদের যা প্রয়োজন তা সরবরাহ করবেন। তাই, পিতা, আমরা প্রার্থনা করব যেমন আপনি আমাদের শিখিয়েছেন, "তোমার রাজ্য আইসুক। তোমার ইচ্ছা সিদ্ধ হউক, যেমন স্বর্গে তেমনি পৃথিবীতেও হউক।" আমাদের প্রার্থনা, আজ রাতে, যেন এটি আপনার ইচ্ছা অনুসারে হতে পারে এবং আমাদের এই সুযোগ সুবিধাগুলি প্রদান করুন। বাক্য অভিষিক্ত করুন, প্রভু, এবং সকল

বক্তা ও শ্রোতাদের, এবং যেন পবিত্র আত্মা এসে বাক্যের কর্তা হতে পারে, আজ রাতে, আমাদের মধ্যে। আমরা তার নামে এই প্রার্থনা করি। আমেন।

আপনারা বসতে পারেন।

5 আগামীকাল সকালে, আমি বুঝতে পারছি, ফুল গসপেল বিজনেস ম্যান্সের প্রাতঃরাশ। সাধারণত, যেখানে তাদের একটি অধ্যায় থাকে, আমি তাদের প্রাতঃরাশে কথা বলার সৌভাগ্য পেয়েছি। এই মুহূর্তে, এটিই একমাত্র সংস্থা, যা একটি ধর্মসম্প্রদায় নয়, কিন্তু, একমাত্র দল যার সঙ্গে আমি—আমি অন্তর্গত, হলো খ্রীষ্টান বিজনেস ম্যান। আর এখন আমি আন্তর্জাতিকভাবে তাদের জন্য কথা বলি।

6 এখন, আজ রাতে, আমরা বিশ্বাস করি যে এই সভা বৃথা যাবে না। আমি ক্লান্ত, গলার সমস্যা নিয়ে আপনার কাছে এসেছি, এসেছি...

7 আমি টুকসন থেকে এসেছি সেখানে এটি সত্যিই ভালো এবং শুষ্ক, আর আমি এখানে এসেছি এবং এটি সত্যিই ভালো এবং আদ্র, তাই বেশ বৈসাদৃশ্য রয়েছে। আপনাদের কাছে যদি এখানে জল থাকে, আপনারা যদি এটি আমাদের কাছে পাঠান তবে আমরা তার প্রশংসা করব। কিন্তু আপনি তা করতে পারবেন না।

8 কিন্তু আমি একটা কথা বলি, সেখানে একটা দৃষ্টান্ত আছে। আমাদের—আমাদের—আমাদের সকল বিষয় অ্যারিজোনায়, আমাদের গাছ, পত্রহীন শাখাযুক্ত। সবকিছুরই পত্রহীন শাখা আছে। কারণ এটি শুষ্ক। এখন যদি সেই একই গুল্ম এখানে বেড়ে ওঠে, তবে এটি একটি সুন্দর পাতাযুক্ত হবে। দেখুন, এটি জল ছাড়া, সেই কারণেই এটি পত্রহীন শাখাযুক্ত হয়।

9 আর যখন মণ্ডলী জীবন-জল ব্যতীত হয়ে যায়, এটা শুষ্ক এবং পত্রহীন শাখাযুক্ত হয়ে পড়ে, এছাড়াও, পত্রহীন শাখাযুক্ত হয়ে সবকিছু তে খোঁচা মারে। কিন্তু যেখানে জীবনের জল বয়ে যায়, এটি পাতা নিয়ে আসে এবং এটিকে কোমল, স্নিগ্ধ এবং মিষ্টি, পবিত্র এবং ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য করে তোলে। তাই প্রভু ঈশ্বর আজ রাতে আমাদের জল প্রদান করুন, যাতে আমরা পত্রহীন শাখাযুক্ত না হয়ে পড়ি; কিন্তু আমরা ভালো থাকব যেন বিপথগামী মানুষ আমাদের গাছের ছায়ার নীচে বসে তাদের আত্মাকে বিশ্রাম দিতে পারে।

10 এখন আমি পাঠ্যটি পড়তে চাই, আজ রাতে, যদি প্রভু ইচ্ছা করেন, এবং স্বল্প আওয়াজের জন্য আমি এই ছোট্ট

মাইক্রোফোনটিকে যতটা পারি ততটা কাছে টানছি। আমি পাঠ করতে চাই, এখানে ইব্রীয় ১:১ থেকে, আমি এর একটি পাঠ নিতে চাই: *ঈশ্বর তাঁর গুণাবলীর দ্বারা নিজেকে প্রকাশ করছেন*। আমি এটা আবার পুনরাবৃত্তি করছি, কারণ আমি জানি এখানে আওয়াজের অবস্থা খারাপ। ঈশ্বর তাঁর গুণাবলীর দ্বারা নিজেকে প্রকাশ করছেন।

11 এখন, বেশিরভাগ বিষয় তার গুণাবলীর দ্বারা চিহ্নিত করা হয়। আর আমার কাছে এখানে কয়েকটি বাক্য আছে যা আমি চাই...আর মন্তব্য, যা আমি উল্লেখ করতে চাই। এখন, কোনো কিছুর গুণাবলীই প্রকাশ করে এটি কি।

12 এখন, সকল প্রকৃতির মতো, ফুলগুলি তাদের গুণাবলীর দ্বারা বহুবার চিহ্নিত করা হয়। যদি তারা এক প্রজাতির সঙ্গে অন্য প্রজাতির মতো হয়, সেই ফুলের গুণাবলীই শনাক্ত করবে এটি কোন ফুল। এবং বন্যজীবনে, অনেক সময়...

13 আমি—আমি একজন শিকারী। এবং আপনি যে প্রাণীটিকে শিকার করতে যাচ্ছেন তার গুণাবলী আপনাকে জানতে হবে, নতুবা কখনও কখনও আপনি প্রতারিত হতে পারেন। উদাহরণস্বরূপ, ব্রিটিশ কলাম্বিয়ায় পাথর ভেড়ার মতো। আমি এই শেষ শরত্কালে ঠিক ইউকনের নীচে ছিলাম, এখন এখানে কয়েকজন ভাই আমার সঙ্গে ছিলেন, আর আমরা শিকার করছিলাম।

14 এখন আপনারা যদি পার্থক্যটি না জানেন, ভেড়া অথবা হরিণকে অনুসরণ করার সময়, আপনি পার্থক্যটি বলতে পারবেন না যদি না আপনি একজন বুদ্ধিমান শিকারী হন। কারণ, তারা একই ধরনের পদচিহ্ন তৈরি করে; তারা বাধ্য হয়ে যখন তারা পালিয়ে যায়। আর তখন আপনি দেখতে পাবেন একটি দূরে দাঁড়িয়ে আছে, মাথা লুকিয়ে আছে, কেন, আপনি—আপনি পার্থক্যটি বুঝতেই পারবেন না। তারা প্রায় একই আকারের; পশ্চাদ্দেশে, এটি হরিণের মতো সাদা। তাদের বলা খুবই কঠিন। কিন্তু তার শিং তার গুণাবলী শনাক্ত করে, তাদের শিং দ্বারা। ভেড়ার শিং আছে যা বৃত্তাকার, এবং একটি হরিণের শিং যা বাইরের দিকে বিস্তৃত হয়। এবং আরেকটি বিষয়, একটি হরিণ খাওয়ার জন্য এতটা উঁচুতে যাবে না।

15 আর ছাগল, হেঁটে, এছাড়াও, একটি ছাগলের মধ্যে একটি বৈশিষ্ট্য আছে, এবং একটি ভেড়ায়, আপনাকে তাদের মধ্যে পার্থক্য জানতে হবে, যখন আপনি উঁচুতে ছিলেন, কারণ তারা উভয়ই পাহাড়ে উঁচুতে বাস করে। আপনাকে পার্থক্য জানতে হবে। কিন্তু আপনি যদি লক্ষ্য করেন, একটি—একটি ছাগল হাঁটতে হাঁটতে

নিজে হোঁচট খায়; যেখানে, একটি ভেড়া *এইভাবে* তার পা নিচু করে বসে, যখন সে হাঁটে। সে যেভাবে তার পথ তৈরি করে তার বৈশিষ্ট্য। আপনি আপনার লক্ষ্য এটি কী করে, এবং এটি কীভাবে আচরণ করে, এবং এটি কী খায় এবং সবকিছুর বৈশিষ্ট্যগুলির দ্বারা চিহ্নিত করেন। এটি তার গুণাবলীর দ্বারা নিজেকে প্রকাশ করে। আর তারপর আপনি লাফিয়ে পড়েন, এবং এটা কি ঘটছে তা দেখেন, তারা যে পথে যায় তা আপনি বলতে পারেন। বিভিন্ন বৈশিষ্ট্য দ্বারা আপনি বলতে পারেন সেই প্রাণীটির বিষয়ে।

16 তাহলে আপনি কি কখনো লক্ষ্য করেছেন, আমি জানি না যে এখানে সেটি আছে কি না, ইয়েলোহ্যামার (হলুদবর্ণের পাখি); ঠিক আছে, ফ্লিকার তাদের জন্য সঠিক নাম এবং একটি জে পাখি। একটি জ্যে পাখি একটি ইয়েলোহ্যামারের প্রায় একই আকারের। আর আপনি উভয়কে উড়তে দেখেন, তারা উভয়ই একই ধরণের পাখি। আপনি যদি রঙ দেখতে না পান, কিন্তু শুধু তাদের দেখেন, আপনি বলতে পারবেন কোনটি ইয়েলোহ্যামার। জে পাখি উড়ে বেড়ায়, কমবেশি, সরলরেখায়। কিন্তু ইয়েলোহ্যামার পাখি, তার ডানা মেলে; সে তার ডানা ঝাপটানোর সঙ্গে সঙ্গে সে নিচে উপরে যায়, নিচে এবং তারপর উপরে। দেখুন, সে নিজেকে *সেভাবে* আবদ্ধ করে ফেলে, আর আপনি বলতে পারেন যে এটি ইয়েলোহ্যামারের গুণ, যেভাবে সে উড়ে যায়।

17 আপনি যদি লক্ষ্য করেন যে—যে কোয়েল যখন বেরিয়ে আসে, যেভাবে সে আসে। আর দেখুন আপনি যদি জলাভূমিতে থাকেন, কোয়েল যেখানে থাকতে পারে, আর একটি—আর একটি স্নাইপ পাখি। আপনারা শিকারীরা সেটা জানেন। উইলসন স্নাইপ এবং জ্যাক স্নাইপ, তারা যেভাবে বেরিয়ে আসে এবং যেভাবে চলাফেরা করে তার দ্বারা তারা নিজেদের পরিচয় প্রদান করে। তারা তাদের উড়ার গুণ দ্বারা পরিচয় প্রদান করে, তারা কী ধরণের পাখি। অতএব, আপনি যদি সেগুলি শুনে থাকেন, তবে আপনি বলতে পারেন এটি কী ছিল, যেভাবে সে চলাফেরা করে, সে কী, তার উড়ার গুণ দ্বারা।

18 একজন পুরুষ এবং একজন মহিলার মতো। তারা উভয়ই মানুষ, তবে একজন মহিলার একজন পুরুষের থেকে আলাদা গুণ রয়েছে। আমি এখানে পড়ছিলাম, কিছু সময় আগে, শলোমন এবং রাণীর বিষয়ে। আমি এখানে আমার ছোট্ট বার্তা প্রচার করতে পারিনি, আপনাদের কাছে, দক্ষিণ দেশের রাণীর বিষয়ে, শলোমনকে দেখতে আসা এবং বিচক্ষণতার সেই উপহার দেখা। আমি এই বিষয়ে

পড়ছিলাম, এখানে খুব বেশি দিন আগে নয়, এবং তারা বলেছিল যে, "শলোমনের সামনে যে ধাঁধাগুলি রাখা হয়েছিল তার মধ্যে একটি, ছিল, এই রানী একজন মহিলাকে নেন, অথবা মহিলাদের, বরং, এবং পুরুষদের মত তাদের পোশাক পরিধান করান।"

19 এখন, সেই সময়ে এটি বিদেশী ছিল, কিন্তু এটি আজ-পর্যন্ত বর্তমান। আর—আর আপনারা জানেন যে এটি ঠিক নয়। বাইবেল বলে যে একজন মহিলার সেটা করা উচিত নয়। "স্ত্রীলোক পুরুষের পরিধেয় বস্ত্র পরিধান করিবে না কেননা তাহা ঘৃণ্য।" এবং অপরিবর্তনীয় ঈশ্বর সেটা বলেছেন, তাই এটাই সত্য।

20 তাই আমরা জানতে পারি যে শলোমন, তাদের দেখতে পেয়ে, তিনি তাদের হাঁটতে অথবা কিছু করতে বলেছিলেন, এবং সঙ্গে সঙ্গে বললেন, "সে একজন নারী।" দেখুন, তিনি সেই মহিলার চরিত্র দ্বারা, যেভাবে সে নিজেকে সামলেছিল, তিনি বলতে পেরেছিলেন যে সে একজন মহিলা, এবং পুরুষ নন।

21 এবং তারপর সবকিছু সেভাবেই, তাদের গুণ দ্বারা। ঠিক যেমন অনেক লোক বাম-হাতি, এবং ডান-হাতি। তারা যেভাবে নিজেদের পরিচালনা করে সেই গুণসম্পন্ন। তারা যেভাবে আচরণ করে তা দেখে আপনি বলতে পারবেন তিনি ডান- অথবা বাম-হাতি ব্যক্তি, যেভাবে তারা সবসময় বাম হাত অথবা ডান হাত এগিয়ে দেয়।

আর মনে রাখবেন, যীশুর এইরকম কিছু ছিল, যেটি...

22 দুই হাত প্রায়...তারা একই। তাদের একই ধরনের বুড়ো আঙুলের ছাপ, আঙুলের ছাপ, পাঁচটি আঙুল রয়েছে; কনিষ্ঠা, তর্জনী, ইত্যাদি। ঠিক যেমন ডান হাত এবং বাম হাতে একই ধরণের আঙ্গুল রয়েছে, সাধারণত, একই আকারের হাত, ঠিক একই রকম। এবং তাদের মধ্যে একমাত্র পার্থক্য হল, একজন বামহাত এবং অন্যটি ডানহাত। এটি একমাত্র পার্থক্য যা আপনি বলতে পারেন। একটি বামহাত, অন্যটি ডানহাত।

23 তাই সেখানে, যীশু বলেন...আমি এখানে একটি বিষয় বলতে পারি। যীশু বলেছেন, মথি ২৪ এ, যে, "আত্মার গুণ শেষকালে প্রায় একই রকম হইবে, যদি হইতে পারে, তবে মনোনীতদিগকেও ভুলাইবে।" দেখুন, তারা ঠিক...

24 আপনি আপনার হাত উপরে তুলে রাখুন। দেখুন, যদি আপনি লক্ষ্য না করেন, তাদের মধ্যে একটি অন্যটির মতো দেখায়, সবদিক থেকে, কিন্তু তাদের একটি বামহাত এবং অন্যটি ডানহাত।

25 শেষ দিনে আত্মারা এমনই হবে। তারা কিছুটা একই রকম, তবে তাদের একটি বৈশিষ্ট্য রয়েছে যা তাদের সনাক্ত করে। একটি সঠিক, এবং অন্যটি ভুল, এবং এটি তার বৈশিষ্ট্য দ্বারা চিহ্নিত করা যেতে পারে।

26 ঈশ্বরের আত্মা তার গুণ দ্বারা চিহ্নিত করা যেতে পারে। দেখুন ? ঈশ্বরের আত্মা, এবং গির্জার আত্মা। সেখানে গির্জার আত্মা আছে, এবং ঈশ্বরের আত্মা কোনভাবেই গির্জার আত্মার মতো নয়।

সেখানে একটি ধর্মসম্প্রদায়ের আত্মা আছে।

27 জাতীয় আত্মা আছে। জাতির একটা আত্মা আছে। প্রতিটি জাতি, যখন আমি সেখানে যাই, আপনি সেখানে যান, আপনি একটি ভিন্ন আত্মা খুঁজে পান। আমি ফিনল্যান্ডে গিয়েছিলাম, মানুষরা ভালো, কিন্তু সেখানে একটি ফিনিশ আত্মা ছিল। আমি জার্মানিতে যাই, সেখানে একটি জার্মান আত্মা আছে।

28 এখানে খুব বেশি দিন আগে নয়, আমি স্ত্রীর সঙ্গে যাচ্ছিলাম, যখন আমরা ইন্ডিয়ানাতে থাকতাম, কয়েক বছর আগে, ছোট সুপার মার্কেটে। আমি বাড়িতে আসি। আমাদের কিছু খাবার নিয়ে আসতে হয়েছিল। আর সেখানে আমাদের পথে, আমরা...এটি গ্রীষ্মের সময় ছিল, আপনারা হয়তো এটি বিশ্বাস করতে পারবেন না, কিন্তু আমরা দেখতে পেলাম একজন মহিলা একটি পোশাক পরেছিলেন। আর এটা খুব অদ্ভুত ছিল, আমি...এটা আমাকে হতবাক করে। আমি—আমি বললাম, “ওখানে দেখ, সেটা অদ্ভুত লাগছে, সেই মহিলাটি একটি পোশাক পরিধান করে আছে।” বাকিরা এমন পোশাক পরেছিল যা ছিল না...নারীর মত দেখাচ্ছে না। আর—আর সে বলল...আমি বললাম, “ঠিক আছে, এটি আমেরিকান আত্মা, দেখুন, আমেরিকার আত্মা।”

29 এখন, আমেরিকার আত্মা, এটি একটি...খ্রিস্টান জাতি হওয়ার কথা, কিন্তু এই জাতির আত্মা খ্রিস্টান নয়। এটি একটি খ্রিস্টান জাতি বলা যেতে পারে, তবে এটি বৈশিষ্ট্যগতভাবে এটি থেকে এক মিলিয়ন মাইল দূরে। তাই, এই মহিলা, আমি বললাম...

সে বলল, “ঠিক আছে, আমরা কি আমেরিকান নই ?”

30 বলল, আমি বললাম, “না। আমরা এখানে থাকি। এটা আমাদের দেশ। আমরা—আমরা—আমরা এখানে থাকি। আমরা এটা ভালোবাসি। এটি বিশ্বের সেরা রাষ্ট্র। কিন্তু, তবুও, আমরা আমেরিকান নই।” আমি বললাম, “আমরা উর্দ্ধ থেকে জন্মগ্রহণ করেছি। পবিত্র আত্মা নেমে আসে, এবং আমরা একটি রাজ্যের

অন্তর্গত। এটা এই জগতের নয়।” আমি বললাম, “এই জন্যই আমাদের বোনেরা পোশাক পরিধান করে, লম্বা চুল রাখে, মেক-আপ করে না। দেখুন, তাদের গুণাবলী তাদের চিহ্নিত করে ‘প্রভুর নিকট পবিত্রতা,’ উর্দ্ধ থেকে।”

31 অতএব, আমরা একটি রাজ্য অনুসন্ধান করছি। আমরা একজন রাজার অন্বেষণ করছি যিনি তার প্রজাদের তার রাজ্যে গ্রহণ করবেন। আর তারা তাদের—তাদের গুণাবলী দ্বারা চিহ্নিত, যে তাদের ধন এই পৃথিবীর অথবা এই রাজ্যের নয়। এটি উর্দ্ধ থেকে, মহিমায়। অতএব, তারা, “তারা এমন একটি নগরের সন্ধান করে যার নির্মাতা ও সৃষ্টিকর্তা হলেন ঈশ্বর।” তাদের সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে।

32 যদি আমার কাছে যথেষ্ট আওয়াজ থাকত তাহলে আপনাদের কাছে কোন রাতে প্রচার করতাম। কিন্তু আমি—আমি সেখান থেকে সরে এসেছি। এখন, তার গুণাবলীর দ্বারা প্রকাশিত।

33 আমরা ইস্রায়েলের সময় এখানে একটি ভাল উদাহরণ খুঁজে পাই, প্রতিশ্রুত দেশে আসে। এবং ঈশ্বর তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী তাদের ডেকেছিলেন। তিনি অব্রাহামকে বলেছিলেন যে, তিনি করবেন...তার বীজ এই অন্য জাতির মধ্যে থাকবে, চারশো বছর ধরে, তারপর তিনি এক মহান বিক্রমশালী হাত দিয়ে তাকে উদ্ধার করবেন, এবং তারা একটি দেশে যাবে, তারপর, প্রতিশ্রুতি ছিল, দুধ এবং মধু প্রবাহিত ছিল। তারপর যখন প্রতিশ্রুতির সময় ঘনিয়ে এল, সেখানে একজন—একজন ফরৌণ যিনি যোষেফের মহান মন্ত্রিত্ব সমন্ধে জানতেন না যা তাদের মধ্যে ছিল।

34 এবং, এই, ঈশ্বর মোশি নামে একজন ভাববাদীকে উত্থাপন করেছিলেন। আর লোকটিকে মিশরীয়দের সমস্ত জ্ঞানের শিক্ষা দেওয়া হয়েছিল। কোন সন্দেহ নেই তবে তিনি একজন মহান, স্মার্ট, বুদ্ধিজীবী মানুষ ছিলেন, কারণ তিনি মিশরীয়দের জ্ঞান শেখাতে পারতেন। দেখতে মনে হচ্ছিল উদ্ধার—উদ্ধারের জন্য উপযুক্ত ব্যক্তি।

35 কিন্তু, আপনারা দেখুন, আমরা যাকে বলি উদ্ধার, আর ঈশ্বর যাকে বলেন উদ্ধার, তার মধ্যে কিছু পার্থক্য আছে।

36 এখন এই লোকটিকে তার সমস্ত নৈতিকতার সঙ্গে দেখুন। তিনি জানতেন যে তিনি ইস্রায়েলের সন্তানদের উদ্ধার করার জন্য জন্মগ্রহণ করেছিলেন। তবুও, তার সমস্ত শিক্ষার দ্বারা, তিনি শুধু এটাই জানতেন, এবং এটা জেনে যে ঈশ্বর তাকে এটা করার

জন্য ডেকেছেন, তার কাছে তার সবই ছিল...তিনি কলা বিভাগে স্নাতক, তার পিএইচ.ডি., এবং এলএল. ডি., ইত্যাদি। এবং তিনি ইস্রায়েলকে উদ্ধার করতে বেরিয়েছিলেন, এবং সম্পূর্ণ ব্যর্থ হয়েছিলেন।

37 এখন লক্ষ্য করুন, দেখতে মনে হচ্ছে, তিনি মিশরে সিংহাসনে পা রেখেছেন, ফরৌণ হওয়ার জন্য, যে তিনি ফরৌণ হওয়ার পর ইস্রায়েল সন্তানদের উদ্ধার করতে পারেন, কারণ তিনি পরবর্তী সারীতে ছিলেন সিংহাসন—সিংহাসনের জন্য। কিন্তু, আপনারা দেখুন, যে, এটি এইভাবে করার মাধ্যমে, তাঁর লোকেদের উদ্ধারে ঈশ্বরের গুণাবলী প্রকাশিত হবে না।

38 তিনি বলেছিলেন যে তিনি তাদের উদ্ধার করবেন। *তিনি* "বলবান্ হস্ত দ্বারা তাদের উদ্ধার করবেন," মোশি শক্তিশালী সৈন্যবাহিনীর সঙ্গে নয়, কিন্তু ঈশ্বর বলবান্ হস্ত দ্বারা।

39 আমরা দেখতে পাই যে, এই ভাববাদী পালিয়ে যান এবং চল্লিশ বছর ধরে প্রান্তরে ছিলেন। ফরৌণকে তার মধ্যে একটি শিক্ষা প্রবেশ করাতে চল্লিশ বছর লেগেছিল, এবং ঈশ্বরকে তার মধ্যে থেকে তা বের করতে চল্লিশ বছর লেগেছিল। তাই আমরা একদিন খুঁজে পাই, যে তিনি, প্রন্তরের পিছন দিকে, একটি জ্বলন্ত ঝোপের মধ্যে প্রভু ঈশ্বরের সঙ্গে দেখা হয়েছিল, একটি ঝোপের মধ্যে একটি আগুনের স্তম্ভের আকারে। এবং তাকে তার জুতা খুলতে বলা হয়েছিল, যে স্থানে তিনি দাঁড়িয়ে ছিলেন তা পবিত্র ভূমি ছিল। এখন এই উত্তম, সংস্কৃতিবান, শিক্ষিত লোকটিকে দেখুন, যিনি ছিলেন, ঈশ্বরের সঙ্গে সাক্ষাতের পর তার গুণাবলীর পরিবর্তন দেখুন। তিনি সবচেয়ে বেশি করেছেন...

40 কখনও কখনও ঈশ্বর বিষয়গুলি এমন সহজ উপায়ে করেন, এবং এমন একটি তুচ্ছ উপায়ে, মানুষিক চিন্তার কাছে। একজন ব্যক্তিকে লক্ষ্য করুন যিনি সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন; সমস্ত মিশরীয় সৈন্যবাহিনী এবং তার চারপাশের সমস্ত কিছু নিয়ে ঈশ্বরের ইচ্ছা পালন করতে পারেন, তার সমস্ত শিক্ষার সঙ্গে, চল্লিশ বছর বয়সে, তার যৌবনে। এখানে তিনি, আশি বছর বয়সী, পরদিন সকালে, তার স্ত্রী একটি খচ্চরের পিঠে বসে আছেন, তার কোলে একজন যুবক, আর তার হাতে একটি লাঠি, মিশরে যাচ্ছেন, দখল করার জন্য। আপনি একটি হাস্যকর দৃশ্য সম্পর্কে কথা বলছেন ! কিন্তু এটি ঈশ্বরের গুণাবলী প্রদর্শন করছিল, কারণ তাঁর একজন ব্যক্তি ছিল যে তাঁর বাক্যে বিশ্বাস করেছিল। এখানেই শেষ। ব্যাপারটা হল, আপনি কি কল্পনা করতে পারেন যে মিশরে এক-ব্যক্তির আক্রমণ যাচ্ছে,

যেখানে, এক সেনাবাহিনী ব্যর্থ হয়েছিল ? কিন্তু এটা কি ছিল ? তার গুণাবলী, তার কৌশল পরিবর্তন করা হয়েছিল। তিনি প্রভুর নামে যাচ্ছিলেন, "**আমি যে আছি সেই আছি**।" ব্যাপারটা হলো, তিনি দায়িত্ব নিয়েছেন। তিনি করেছিলেন, কারণ তিনি প্রভুর শক্তিতে যাচ্ছিলেন।

41 তার পথে, ইস্রায়েলকে প্রতিশ্রুত দেশে নিয়ে যাওয়ার পথে, তিনি তার ভাইয়ের সংস্পর্শে আসেন, তার ধর্মসম্প্রদায়ের ভাই মোয়াব। এখন, মোয়াব কোনভাবেই বিধর্মী ছিল না। এটা ছিল লোটের কন্যার সন্তান। তাদের এক সন্তান দ্বারা—দ্বারা মোয়াবের জন্ম হয়েছিল।

42 এখন, সেখানে, আমি চাই আপনারা এই দুটি জাতি লক্ষ্য করুন, একে অপরের বিপরীতে। এখানে মিশর ছিল, একটি ছোট, ছড়িয়ে ছিটিয়ে ছিল, যাবার জন্য কোন দেশ ছিল না, কোন নির্বাহী অথবা কোন রাজা ছিল না, কিছুই ছিল না, অথবা তাদের মধ্যে কোন বিশিষ্ট ব্যক্তি, একদল মানুষ তাদের পথে একটি প্রতিশ্রুত দেশে যাওয়ার জন্য। এবং এখানে তাদের মোয়াব দেশের মধ্য দিয়ে যেতে হয়েছিল। এটা প্রতিশ্রুতির ঠিক মাঝে ছিল।

43 আর মোয়াবও, যিহোবাতে বিশ্বাসী ছিল এবং তাদের মধ্যে একজন ভাববাদী ছিল। এবং ইস্রায়েলের একজন ভাববাদী ছিল। তাদের উভয়েরই ভাববাদী ছিল।

44 আর এখন লক্ষ্য করুন, তারা এক স্থানে আসে যে সংগঠিত জাতির ভাববাদী এই অন্য জাতিকে অভিশাপ দিতে নেমে আসে, কারণ সে একজন প্রবাহতাড়িত ব্যক্তি ছিল, স্থির থাকার কোন নির্দিষ্ট স্থান ছিল না। তাই তারা নেমে আসে।

আর এই দুই ভাববাদীকে দেখুন: মৌলিকভাবে বলতে গেলে, তাদের উভয়ই ঠিক ছিল। কারণ, লক্ষ্য করুন, বিশপ বালাম তাকে বলেছিলেন, "এখন তুমি আমার জন্য সাতটি বেদী তৈরী কর।"

45 সাত হল ঈশ্বরের পূর্ণ সংখ্যা, যা সাতটি মণ্ডলীর যুগের প্রতিনিধিত্ব করে, সৃষ্টির সাত দিন, ইত্যাদি। এখন লক্ষ্য করুন, সাত, ঈশ্বর সাততে পূর্ণ হন।

46 "সাতটি বেদী, এবং প্রতিটি বেদীর উপরে একটি—একটি গোবৎস।" এখন ঠিক সেই একই বেদী যা তারা ইস্রায়েলের শিবিরে রেখেছিল। সেখানে তারা ইস্রায়েলে, একই বেদী তারা এখানে নিয়ে আসে; এবং একই বলিদান, একটি গোবৎস আর একটি গোবৎস; একজন ভাববাদী আর একজন ভাববাদী। দুটি জাতি, বিপরীতে।

47 আমরা যে দিনে বেঁচে আছি তার একটি খুব নিখুঁত উদাহরণ, যদি আমাদের এটিতে যাওয়ার সময় থাকে। লক্ষ্য করুন, ঈশ্বর দৃষ্টান্তে এটি করছেন, যেন আমরা খুঁজে বের করতে পারি, সমান্তরালভাবে।

48 এখন, বিলিয়ম প্রতিটি বেদীতে একটি গোবৎস চেয়েছিলেন। এটি একটি আসন্ন মশীহের প্রতি তার বিশ্বাসের কথা বলছিল। একটি মেষ, একটি পুরুষ মেষ, এটি একই বলি যা তারা ইস্রায়েলে করেছিল; ইস্রায়েলের শিবিরে, এখানে উপরে... মোয়াবে। মৌলিক...মৌলিকভাবে, তারা উভয়ই সঠিক ছিল, কিন্তু, লক্ষ্য করুন, বুনিয়াদি মতবাদে।

49 কিন্তু ইস্রায়েলের শিবিরে একজন ভাববাদীর মধ্যে ঈশ্বরের গুণাবলী ছিল এবং ঈশ্বরের বাক্য। তিনি সেই যুগে ঈশ্বরের প্রতিশ্রুতির সঙ্গে থাকলেন, কারণ তিনি প্রতিশ্রুত দেশে যাওয়ার রেখায় ছিলেন। দেখুন?

50 এখন, যতদূর মৌলিক অংশে, বিলিয়ম, বালাককে মোশির মতোই চিহ্নিত করা যেতে পারে।

51 কিন্তু, আপনারা দেখুন, মোশি, ঈশ্বরের সঠিক ভাববাদী হয়ে, শুধুমাত্র মৌলিক অংশ ছিল না, কিন্তু ঈশ্বরের পরিচয় ছিল। দেখুন, তিনি দায়িত্বে ছিলেন, ঠিক সেই সময়ের জন্য যা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল; নোহের সময়ের জন্য নয়, কিন্তু সেই সময়ের জন্য। "আমি তোমাদের এমন এক দেশে লইয়া যাব যা দুগ্ধমধুপ্রবাহী।" তারা তাদের পথে ছিল, এবং ইস্রায়েল তাদের ভাববাদী, মোশি, সেই যুগের বার্তার সঙ্গে চিহ্নিত হয়েছিল। মোশির মধ্যে ঈশ্বরের গুণাবলী প্রকাশিত হয়েছিল। আগুনের একটি স্তম্ভ তাকে অনুসরণ করছিল। কার্য্যে তার প্রায়শ্চিত্তও ছিল; এটা বলার অপেক্ষা রাখে না, কিন্তু কার্য্যে ছিল। কি হবে তা নয়; কিন্তু বর্তমান!

52 লক্ষ্য করুন, তার কাছে একটি পিতলের সাপ ছিল যা মানুষের অসুস্থতা ও রোগের জন্য উপরে তোলা হয়েছিল, তাই মোশি ঐশ্বরিক আরোগ্যকরণ অনুশীলন করছিলেন। তার প্রায়শ্চিত্ত ছিল, পিতলের সাপ, এক প্রতীকী যে ঈশ্বর শিবিরে ছিলেন, আর লোকেরা সেই পিতলের সাপের দিকে তাকিয়ে সুস্থ হয়ে উঠছিল।

53 তার অনুসরণ করে একটি প্রহৃত প্রস্তরও ছিল। এবং এটি ছিল ঈশ্বরকে চিহ্নিত করা, তাদের মাঝে জীবনের জল রাখা, আনন্দ ও পরিত্রাণ, যেন তারা বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়। এটা ছিল

এক প্রকার...প্রন্তরে সেই প্রহৃত প্রস্তরটি ছিল খ্রীষ্টের এক প্রকারের প্রহৃত হওয়া।

54 তখন, তারা প্রতিশ্রুতির দিকে যাত্রা করছিল। এটি ছিল আরেকটি প্রকাশ, ঈশ্বরের গুণাবলী দেখানোর জন্য। বাক্যের সঙ্গে এই অন্যটি কতটা ভিত্তিযুক্ত ছিল তাতে কিছু যায় আসে না; তার মধ্যে মৌলবাদ, এর সাথে শনাক্তকরণ, এবং তাদের মধ্যে ঈশ্বরের গুণাবলী ছিল। ঈশ্বর নিজেকে চিহ্নিত করেছেন। দুইজন ভাববাদী, উভয়েই ভাববাদী এবং উভয়েই মৌলবাদী; কিন্তু ঈশ্বর মোশির মধ্যে তাঁর গুণাবলী চিহ্নিত করেছিলেন, কারণ তাঁর সঙ্গে ঈশ্বরের গুণাবলী ছিল।

55 এখন, আবার, ঈশ্বরের বৈশিষ্ট্য সর্বদা অতিপ্রাকৃত, কারণ তিনি অতিপ্রাকৃত। ঈশ্বর অতিপ্রাকৃত। এটা অস্বাভাবিক, সবসময়, আধুনিক চিন্তাধারার কাছে। আপনারা সেটা জানেন। ঈশ্বর সবসময় বিরক্ত করেছেন, অতীতের প্রতিটি যুগে ধর্মীয়—ধর্মীয় গোষ্ঠীদের।

56 এবং একবারও কখনও একজন ব্যক্তি বা মানুষের একটি গোষ্ঠী কখনও একটি বার্তার উপর নিজেদেরকে একত্রে সংগঠিত করেনি কিন্তু তারা মারা যায় এবং তাকে চলে যায়, এবং আর কখনও উত্থাপিত হয়নি। কোন ইতিহাস নেই। লুথারেন, প্রেসবিট্যারিয়ান, মেথডিস্ট, ব্যাপটিস্ট, পেন্টিকোস্টাল, ইত্যাদি, যখন তারা এটিকে দলবদ্ধ করতে যায়, কখনও উত্থাপিত হয়নি।

ঈশ্বর কোন ব্যক্তির সঙ্গে ব্যক্তিগতভাবে আদান প্রদান করেন।

57 লক্ষ্য করুন, তাঁর চিন্তা করার পদ্ধতিতে খুব অস্বাভাবিক। দেখুন, আমরা একটি প্রবণতায় নেমে পড়ি, আর আমাদের এটিকে *এভাবে* বিশ্বাস করতে হবে। তারপর ঈশ্বর তাঁর প্রতিশ্রুতি দেওয়া বাক্য নিয়ে আসেন এবং সেই বাক্যে নিজেকে চিহ্নিত করেন। *এই* দলটি এটিতে যেতে পারে না, কারণ এটি এতে বিশ্বাস করে না। দেখুন, এটি নিজেই এটি থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে।

58 যোষেফের মতো, তিনি দায়ূদের পুত্র ছিলেন এবং একজন ভালো মানুষ ছিলেন, মরিয়মের স্বামী যোষেফ। তিনি একজন ভালো মানুষ ছিলেন, এবং নিঃসন্দেহে বাইবেল, শাস্ত্র, ক্রমাগত পড়তেন, কারণ...এবং একজন মশীহের আগমনের বিষয়ে খুঁজছিলেন, এবং শাস্ত্র কি বলে তা জানা উচিত ছিল যে কি ঘটবে। যিশাইয় বলেছেন, "এক কন্যা গর্ভবতী হইবে।"

59 ঠিক আছে, এখন, সে এই যুবতী মেয়েটির সাথে যাচ্ছিল, মরিয়ম, সম্ভবত আঠারো বছর বয়সী, এবং সে সম্ভবত একটু বড়

ছিল। এবং তারপর যখন তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়, তখন দেখা যায় সে মা হতে চলেছে। এখন এটা বিশ্বাস করার জন্য যোষেফের কাছে কঠিন ছিল। কোন সন্দেহ নেই কিন্তু মরিয়ম তাকে গাব্রিয়েলের সঙ্গে সাক্ষাতের বিষয়ে বলেন। কিন্তু আমরা লক্ষ্য করি, তার চরিত্র যেভাবে তাকে এগিয়ে নিয়ে যাচ্ছিল, তাতে তিনি সন্দেহ করেছিলেন।

60 এখন তাকে বিয়ের আগেই মা হতে দেখা গেছে। এবং, বাইবেলে, এর শাস্তি হল মৃত্যু, পাথর ছুড়ে। একজন অবিবাহিত মহিলা মা হচ্ছেন, তাকে পাথর ছুড়ে মেরে ফেলতে হত। ইস্রায়েলে কোন পতিতাবৃত্তি ছিল না। এটা বের করা হয়েছিল। তাই আমরা খুঁজে পাই, দ্বিতীয় বিবরণে, এটা আমাদের বলে।

61 এখন আমরা দেখতে পাচ্ছি যে, মরিয়ম, দেখে মনে হচ্ছে সে যোষেফকে ব্যবহার করার চেষ্টা করছিল শুধুমাত্র তার করা কিছু কাজ থেকে রক্ষা পাওয়ার জন্য একটি ঢাল হিসাবে। কারণ, বিয়ের আগেই যদি তাকে মা হতে দেখা যায়, তারপর তাকে অবশ্যই পাথর ছুঁড়ে মেরে ফেলা হত, এবং তার এখন এমন একজন থাকতে হবে যে তার জন্য ঢাল হিসাবে দাঁড়াতে পারে। এবং সেটা দেখতে লাগছিল, অনেকটা, যা সে করার চেষ্টা করছিল।

62 কিন্তু যোষেফ তার বড় সুন্দর চোখের দিকে তাকিয়ে, আর সে বলল, "যোষেফ, গাব্রিয়েল আমাকে বললেন, 'পবিত্র আত্মা তোমার উপরে আসিবেন, এবং পরাৎপরের শক্তি তোমার—তোমার উপরে ছায়া করিবে। ইহা ঈশ্বর। এই কারণ যে পবিত্র সন্তান জন্মিবেন, তাঁহাকে "ঈশ্বরের পুত্র" বলা যাইবে।'" এবং, যোষেফ, তিনি—তিনি—তিনি বিশ্বাস করতে চেয়েছিলেন, কিন্তু এটা অস্বাভাবিক ছিল। এমনটা আগে কখনো হয়নি।

63 এবং আজ ঠিক সেই একই রকম। আমরা যদি...যদি আমার কাছে লোকেদের দেখানোর জন্য কোন উপায় থাকত যে কোনও কিছুর অস্বাভাবিকতা, যদি এটি বাক্য দ্বারা চিহ্নিত করা হয়, তবে এর গুণাবলী এটি কী তা প্রমাণ করে। এটি ঈশ্বর কাজ করছেন।

64 যোষেফের এটা জানা উচিত ছিল। তার জানা উচিত ছিল, "এক কন্যা গর্ভবতী হইবেন।" কিন্তু তিনি এ ব্যাপারে সৎ ছিলেন। তিনি গোপনে তাকে দূরে রাখতে চাননি, তবে সে—সে এটা করার কথা ভাবছিল।

65 তখন প্রভুর দূত তাকে স্বপ্নে দেখা দিলেন। আপনি কি কখনও ভেবে দেখেছেন কেন তিনি স্বপ্নে আবির্ভূত হলেন ? সেই যুগে কোন

ভাববাদী ছিলেন না। তাদের স্বপ্ন এতই সহজ ছিল, এর কোনো ব্যাখ্যার প্রয়োজন ছিল না। বললেন, "যোষেফ, দায়ূদ-সন্তান, তোমার স্ত্রী মরিয়মকে গ্রহণ করিতে ভয় করিও না, কেননা তাঁহার গর্ভে যাহা জন্মিয়াছে, তাহা পবিত্র আত্মা হইতে হইয়াছে।" দেখুন, তারপর, এটি নিষ্পত্তি হয়। দেখুন, তিনি স্বপ্নে তাঁর কাছে আসেন, দ্বিতীয়ত। কিন্তু, আপনারা দেখতে পাচ্ছেন, সেই বাক্যটি চিহ্নিত করার জন্য সেখানে কোনো ভাববাদী ছিলেন না, যে, "এই সেই কুমারী যে গর্ভধারণ করবে।" দেখুন ? তাই, তাই, তিনি তাকে স্বপ্নে দেখা দিয়েছিলেন, কারণ তিনি ছিলেন সৎ এবং ন্যায়পরায়ণ এবং একজন ভালো মানুষ ছিলেন।

66 আর আমি বিশ্বাস করি যে কোনো ভালো মানুষের কাছে ঈশ্বর আসবেন, কোনো না কোনোভাবে, এবং সেই ভালো মানুষটির প্রতি তাঁর কাজগুলি চিহ্নিত করবেন, সেই যুগের জন্য, যদি সেই যুগের জন্য সেই মানুষটিকে ঈশ্বরের কাছ থেকে ডাকা হয়।

67 এখন, কিন্তু এটি এতটাই অস্বাভাবিক ছিল, তারা খুব কমই এটি উপলব্ধি করতে পারেন। কিন্তু, সবসময়, সেই সময়ের জন্য প্রতিশ্রুত বাক্য অনুসারে উপস্থিত হওয়া, এই সমস্ত অস্বাভাবিকতা।

এখন সেখানে কিছু লোক যেতে পারে এবং বলতে পারে, "ঠিক আছে, *এটা* অস্বাভাবিক, এটা ঈশ্বর। *এটা* অস্বাভাবিক।"

68 কিন্তু, আপনারা দেখুন, এটি বাক্য দ্বারা চিহ্নিত করতে হবে, এবং বাক্য ঈশ্বর। দেখুন ? তারপরে এই সনাক্তকরণের গুণাবলী চিহ্নিত করে যে এটি কে, কারণ ঈশ্বর বলেছেন, "*এটা* ঘটবে," আর এটা ঘটে। দেখুন ? এর গুণ হল ঈশ্বরের বাক্য চিহ্নিত করা হয়েছে যা ঘটছে তার গুণ দ্বারা।

69 তিনি বলেছেন শেষ দিনে তিনি পবিত্র আত্মা সেচন করবেন। তিনি এটা করেছেন। এর বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করে যে এটি ঈশ্বর, তাঁর বাক্য প্রতিশ্রুত করেছে। দেখুন, এটি সর্বদা নিজেকে সনাক্ত করে।

70 এখন, সবসময়, প্রতিবার, বাক্য সংশোধন করে, যখন বাক্য ভুল বলা হয়। আপনি কি কখনও লক্ষ্য করেছেন ? এটি নোহের সময়ে, যা সেই বৈজ্ঞানিক যুগকে সংশোধন করেছিল, যে ঈশ্বর আকাশ থেকে বৃষ্টি নামিয়ে আনতে যাচ্ছেন। এটা মোশি, দেখুন, এটি সংশোধন করেছিল যখন তারা সবাই মিসরে বসতি স্থাপন করেছিল, ইত্যাদি, কিন্তু ঈশ্বরের বাক্যকে চিহ্নিত করতে আসতে হবে। এবং বাক্যের সত্যতা ত্রুটি সংশোধন করে।

71 আমাকে কিছু জিজ্ঞাসা করতে দিন। আমরা এখানে একটু গভীরে যেতে পারি। আমার শিক্ষা বা মতবাদ প্রচার করার কথা নয়, তবে আমি আপনাদের একটি বিষয় জিজ্ঞাসা করি।

72 যীশু বাক্য ছিলেন। আমরা সেটা জানি। বাইবেল বলেছে এটা। যোহন লিখিত সুসমাচার, ১ম অধ্যায়, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। এবং বাক্য দেহধারণ করিলেন এবং আমাদের মধ্যে বাস করিলেন।" তিনি এখনও বাক্য। অতঃপর যখন তিনি তাদের চিন্তাভাবনা উপলব্ধি করতে পারতেন, তখন তাদের জানা উচিত ছিল যে এটিই সেই বাক্য, কারণ ঈশ্বরের বাক্য বলেছেন যে তিনি তা করবেন। তিনি ছিলেন সেই ভাববাদী।

73 এখন লক্ষ্য করুন, আমরা খুঁজে পাই যে তিনি যখন জন্মগ্রহণ করেছিলেন, প্রায় বারো বছর বয়সে, তিনি কুটীরবাস পর্ব্বে গেলেন। তারা সেখানে নিস্তারপর্ব্ব পালন করতে গিয়েছিলেন। এবং, তাদের ফেরার পথে, তারা তিন দিনের যাত্রা করেছিল এবং তারা তাকে ভুলে যায়; উপলব্ধি করে, চিন্তা করে, বরং, অনুমান করে যে তিনি তাদের লোকদের মধ্যে ছিলেন।

74 আমরা এর থেকে একটি শিক্ষা নিতে পারি। আজও ঠিক একই রকম! এখন আপনারা মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিট্যারিয়ান, লুথারেন, ক্যাথলিক, আপনারা যাই হোন না কেন, দেখুন, আপনারা একই জিনিস করছেন। আপনারা উপলব্ধি করছেন কারণ ওয়েসলির একটি মহান পুনরুজ্জীবন ছিল, লুথারের একটি মহান পুনরুজ্জীবন ছিল, অথবা পেন্টিকোস্ট একটি মহান পুনরুজ্জীবন ছিল, আপনারা উপলব্ধি করছেন যে তিনি মানুষের মধ্যে আছেন, যখন, কখনও কখনও তিনি সেখানে নেই।

75 তারা তাঁকে খুঁজতে গেলেন। তারা তাকে কোথায় খুঁজে পেয়েছিল? যেখানে তারা তাকে ছেড়ে গিয়েছিল, যিরূশালেমে। আর যখন তারা তাঁকে খুঁজে পান, তখন তিনি কী করছিলেন? একটি ছোট বালক, বারো বছর বয়সী, সম্ভবত কোন বিদ্যালয়ে প্রবেশ করেনি, তার মা তাকে যা শিখিয়েছিল ততটাই; এবং এখানে তিনি মন্দিরে ছিলেন, সেই পুরোহিতদের সাথে ঈশ্বরের বাক্য নিয়ে কথোপকথন করছিলেন। এবং তারা এই শিশুর বুদ্ধিতে বিস্মিত হয়েছিল। কেন? তিনি বাক্য ছিলেন। এখন দেখুন।

76 এখন আপনাদের, ক্যাথলিক লোকদের, অসম্মান না করে, যারা মরিয়মকে ঈশ্বরের মা বলেন, কিন্তু শুধু আমাকে এখানে একটি ছোট

ত্রুটি আপনাদের দেখাতে দিন। যদি মরিয়মের উপর মণ্ডলী নির্মিত হত, দেখুন তাহলে কি ঘটত। এখন সে এসে বলল, "ওহ, তোমার পিতা এবং আমি কাতর হইয়া তোমার অন্বেষণ করিতেছিলাম।" সেই বিবৃতিটি দেখুন, সে তখন তার নিজের সাক্ষ্য কলঙ্কিত করে। সে বলেছিল, "তোমার পিতা এবং আমি কাতর হইয়া তোমার অন্বেষণ করিতেছিলাম।"

77 সেই বাক্যটি দেখুন। তিনি বাক্য ছিলেন। তিনি বললেন, "আমার পিতার কার্য্যে আমাকে থাকিতেই হইবে, ইহা কি জানিতে না?" বাক্য ত্রুটি সংশোধন করে সেটা দেখুন। ঠিক সেখানে সেই পুরোহিতদের সামনে, সে তার সাক্ষ্য নষ্ট করেছিল। বলেছিল যে সে পবিত্র আত্মা দ্বারা গর্ভধারণ করেছিল আর এখানে সে বলেছিল যে যোষেফ তাঁর "পিতা।" দেখুন বাক্য তা দ্রুত ধরে ফেলে? তিনি বাক্য ছিলেন। এখন, আপনারা জানেন একটি বারো বছরের ছেলে তা করবে না। তিনি বাক্য ছিলেন। তিনি সেই যুগের কথ্য বাক্য ছিলেন, তাই খ্রীষ্টের মধ্যে ঈশ্বরের চিহ্নিত বৈশিষ্ট্য ছিল। তিনি ভুলগুলো সংশোধন করেছিলেন। তিনি বলেছিলেন...

তারা বলেছিল, "কেন, আমরা মোশির শিষ্য।" দেখুন?

78 তিনি বলেছিলেন, "তোমরা যদি মোশির শিষ্য হতে, তবে তোমরা আমাকে জানতে। তিনি আমার সম্পর্কে লিখেছেন। মোশি বলেছেন, 'তোমার ঈশ্বর সদাপ্রভু আমার মত একজন ভাববাদীকে উত্থাপন করবেন।' তোমরা আমাকে চিনতে পারতে যদি তোমরা মোশিকে চিনতে।"

79 আর, দেখুন, বাক্য সবসময় সেই সময়ের ত্রুটি সংশোধন করে। কিন্তু জনগণ তা বিশ্বাস করতে চায় না। তারা ঠিক একইভাবে ঝুলে থাকে।

80 কিন্তু যীশু তার নিজের মাকে সংশোধন করেছিলেন। এবং তার মা ভুল ছিল, কারণ তিনি ইতিমধ্যেই বলেছিলেন যে সে পবিত্র আত্মার দ্বারা তার মধ্যে গর্ভধারণ করা একটি শিশু ছিল, এবং এখানে সে তার সাক্ষ্য ফিরিয়ে নেয় এবং বলে যে যোষেফ তার "পিতা," তার পিতা ছিলেন—যীশুর। এখন যদি—যদি যোষেফ...

81 যদি তিনি যোষেফের পুত্র হতেন, যদি তিনি তাঁর পিতার কার্যের ক্ষেত্রে থাকতেন, তিনি কাঠমিস্ত্রির দোকানে থাকতেন।

82 কিন্তু তিনি তাঁর পিতার কার্যে ছিলেন, সেখানে মন্দিরে, সেই সংস্থাগুলিকে তিরস্কার করছিলেন। দেখুন? তিনি তার পিতার কার্যে

ছিলেন, মাত্র বারো বছর বয়সী বালক। "আমার পিতার কার্য্যে আমাকে থাকিতেই হইবে, ইহা কি জানিতে না?"

83 আপনি কি লক্ষ্য করেছেন যখন যীশু শয়তান দ্বারা প্রলুব্ধ হয়েছিলেন? সেখানে তাঁর গুণাবলী, যখন তিনি তাঁর প্রলোভনে ছিলেন, তাঁকে ঈশ্বর হিসাবে চিহ্নিত করেছিলেন, কারণ তিনি বাক্যের সাথে ছিলেন। দেখুন? "এটা লেখা আছে," শয়তান বলেছিল।

যীশু বলেছিলেন, "এটাও লেখা আছে," বাক্যের সাথে থাকলেন।

84 "ঈশ্বর, বিভিন্ন সময়ে," আমরা এখানে পড়ি। "ঈশ্বর, বিভিন্ন সময়ে," এটা পুরানো সময়ে, "বহুভাগে," বহুরূপে, "দর্শন দ্বারা তাঁর ভাববাদীর কাছে নিজেকে প্রকাশ করেছেন।" এটি ছিল একজন ভাববাদীর গুন, যখন তিনি কিছু ভবিষ্যদ্বাণী করেন আর সেটা ঘটে। এখন এটাই তার প্রামাণিত করনের বৈশিষ্ট্য, যে ঈশ্বর তার সাথে ছিলেন। তারপর তাকে সেই দিনের জন্য বাক্যটি ব্যাখ্যা করার অধিকার দেয়, কারণ, "ঈশ্বরের বাক্য ভাববাদীদের কাছে আসে," ভাববাদীর গুণ, যা তিনি ভবিষ্যদ্বাণী করেন।

85 বাইবেল বলে, "যদি একজন সেখানে থাকেন, এবং সে যা বলে যদি তা বাস্তবায়িত হয়, তাহলে আপনি তার কথা শুনুন; কিন্তু, যদি তা না হয়, তাকে বিশ্বাস করবেন না, তাকে ভয় করবেন না, কিন্তু আমার...যদি—যদি আমার বাক্য তার মধ্যে না থাকে। কিন্তু যদি তা ঘটে, তাহলে আমার বাক্য তাঁর মধ্যে রয়েছে।" এটাই তার পরিচয়। এটাই একজন ভাববাদীর বৈশিষ্ট্য।

86 এখন, ঈশ্বর, বিভিন্ন সময়ে, এভাবেই তিনি মানুষের কাছে তাঁর নিজের পরিচয়ের গুণাবলী দেখিয়েছেন, একজন ব্যক্তির দ্বারা কথা বলার মাধ্যমে যাকে ভাববাদী হওয়ার জন্য আহ্বান করা হয়েছিল। এখন, বাইবেল বলে যে, "ঈশ্বর, বিভিন্ন সময়ে, বহুরূপে, ভাববাদীদের মাধ্যমে পিতৃলোকদের সাথে কথা বলেছেন।"

87 আমরা দ্বিতীয় পিতরে আরো পড়ি যে, ঈশ্বরের সম্পূর্ণ বাক্য তাদের দ্বারা লেখা হয়েছিল। "মনুষ্যেরা, পবিত্র আত্মা দ্বারা চালিত হইয়া, বাইবেল লিখিয়াছেন।" তারা ভাববাদী ছিলেন। বাক্য তাদের কাছে আসে এবং তারা এটি লিখেছিলেন, এটি লিখেছিলেন, অনুপ্রেরণার দ্বারা। প্রথমে তারা চিহ্নিত ভাববাদী ছিলেন, তারপর তারা—তারা অনুপ্রেরণার বাক্য লিখেছিলেন, এবং তাদের কাছে

ঐশ্বরিক প্রকাশের ব্যাখ্যা ছিল কারণ এটি মানুষের মধ্যে ঈশ্বর ছিলেন।

88 এখন এইভাবে তিনি তার পরিচয়ের গুণাবলীর মাধ্যমে নিজেকে প্রকাশ করেছেন, তাদের দর্শন প্রমাণিত করে, তাদের মধ্যে ঈশ্বরের গুণাবলী ছিল, নিজেকে মানুষের কাছে প্রকাশিত করছেন।

89 এখন, এটাই একমাত্র উপায় যে তিনি খ্রীষ্টে ছিলেন। একজন ভাববাদী শুধুমাত্র একটি ক্ষুদ্র ভাগ। খ্রীষ্ট ছিলেন ঈশ্বরের পূর্ণতা। এবং ঈশ্বর খ্রীষ্টের মধ্যে ছিলেন, জগতের সাথে নিজের সম্মিলন করছিলেন। এবং তাঁর গুণাবলী তাঁকে চিহ্নিত করেছিল, তিনি কী ছিলেন, এতটুকু যে তিনি বলেছেন, "আমার পিতার কার্য্য যদি না করি, তবে ইহা বিশ্বাস করিও না। যদি আমার পিতার চরিত্র না থাকে, তবে আমাকে বিশ্বাস করিও না, আমার দাবিগুলিকে বিশ্বাস করিও না। যদি আমি, আমার মধ্যে আমার পিতার চরিত্র না পাইয়া থাকি, তবে এটি বিশ্বাস করিও না।"

90 এখন, তাঁর গুণাবলীর কখনও পরিবর্তন হয় না। ঈশ্বর তার চরিত্র পরিবর্তন করতে পারেন না, যেমন—একটি—একটি মেষশাবক তার চরিত্র পরিবর্তন করতে পারে না, বা অন্য কোন জিনিস তার চরিত্র পরিবর্তন করতে পারে না। কারণ, যতক্ষণ এটি আসল, ততক্ষণ এটি আসল। আর যদি আপনি কিছু পরিবর্তন করেন, তাহলে আপনি এটির আসল রূপ থেকে পরিবর্তন করেছেন।

91 এটা ঠিক যেমন আপনি একটি—একটি শূকর নিতে পারেন, এবং আপনি একটি শূকরকে স্নান করতে পারেন এবং—এবং সেই রং পায়ের নখের উপর লাগাতে পারেন, মহিলারা যেমন করে, এবং লিপস্টিক দিয়ে এটি ঠিক করুন এবং একটি সুন্দর পোশাক পরিয়ে দিন। সেই শূকরীটিকে বাইরে নিয়ে আসুন, সে সরাসরি পঙ্কে চলে যাবে, গড়াগড়ি দিতে থাকবে। কেন? সে একটি শূকর, এটাই সবকিছু। কিন্তু, এবং, কিন্তু, আপনারা জানেন, আপনারা করবেন না...

92 একটি মেষশাবক তা করবে না। সে পঙ্কে যাবে না। তার এর সাথে কিছু করার নেই। এটি তার বৈশিষ্ট্য। দেখুন? আপনি তাকে একই ধরণের পোশাক পরাতে পারেন, তবে সে করবে না, সে নিশ্চিত যাবে না। বাহ্যিক রূপ কোন অর্থ রাখে না; এটা অন্তরে। এখন, ঈশ্বর হলেন সমস্ত জীবনের উৎস...

93 এটি বুঝতে ব্যর্থ হবেন না। আমি চেষ্টা করছি, আমার মধ্যে যা আছে, আপনাকে কিছু দেখানোর জন্য। দেখুন ? এটা আপনাদের ভালোর জন্য, বন্ধুরা। এটা আপনাদের জন্য—জন্য। দেখুন ?

94 আমি এখানে শুধু দেখার জন্য আসিনি। আমি এখানে আসিনি, অন্য কোথাও যাওয়ার স্থান ছিল না। আমি এখানে এসেছি কারণ আমি এখানে আসার জন্য অনুভব করেছি। আমি অনুভব করেছি যে প্রভু আমাকে যে সেবাকার্য দিয়েছেন তা এখানকার লোকদের মধ্যে দেখাতে হবে, আর আমি আপনাদেরকে দেখানোর চেষ্টা করছি এখন ঈশ্বর আসলে কি। তিনি তাঁর প্রতিশ্রুত বাক্য। তিনি সর্বদাই বাক্য, এবং তিনি প্রতিশ্রুত গুণাবলীর দ্বারা নিজেকে চিহ্নিত করেন। একটি নির্দিষ্ট চরিত্র একটি নির্দিষ্ট সময়ে উত্থিত হবে, এটি বাক্যে রয়েছে, তাহলে এই ব্যক্তির বৈশিষ্ট্য যা উঠে আসার কথা তা চিহ্নিত করে যে ইনি সেই ব্যক্তি।

95 এই কারণেই যীশুকে হতে হয়েছিল, তিনি যা ছিলেন। তাদের এটা দেখা উচিত ছিল। এতে অবাক হওয়ার কিছু নেই যে তারা অন্ধ ছিল। বিষয়টি...বললেন, তিনি অনেক অলৌকিক কাজ করার পরেও, তারা বিশ্বাস করতে পারেনি, কারণ যিশাইয় বলেছেন, "তাদের চোখ রয়েছে কিন্তু দেখতে পায় না, এবং কান রয়েছে কিন্তু শুনতে পায় না।" দেখুন ? প্রতিটি যুগে, শুধুমাত্র তার যুগে নয়; কিন্তু প্রত্যেক যুগে, কিভাবে, "ঈশ্বর, বিভিন্ন সময়ে, বহুরূপে," এখনও তারা এটি বুঝতে পারেনি।

96 এখন, তাঁর গুণাবলী কখনও ব্যর্থ হয় না। এটা সবসময় একই। এখন মনে রাখবেন, তাঁর গুণাবলী, ঈশ্বরের গুণাবলী, ব্যর্থ হতে পারে না। যদি তা হয়, তাহলে ঈশ্বর ব্যর্থ হয়েছেন। এবং বাইবেল বলে, ইব্রীয় ১৩:৮ এ, যে, "যীশু কল্য, অদ্য এবং অনন্ত কাল একই আছেন।" অতএব, তিনিই অপরিবর্তনীয় ঈশ্বর। আদিতে তিনি যে চরিত্রে ছিলেন, এখনও সেই চরিত্রে তিনি আছেন। তিনি যেভাবে কাজ করেছিলেন, যে কোনও সময় তিনি যে কোনও কাজ করেছেন, তিনি প্রতিবার সেই একইভাবে করেন। যদি তিনি না করেন, তবে তার চরিত্র বদলে গেছে, দেখুন, এবং তার গুণাবলী এমন কিছু প্রদর্শন করবে যা ঈশ্বরের নয়। দেখুন ? তাই আমরা জানি না কোথায়...

97 যেমন পৌল বলেছেন, "বস্তুতঃ তূরীর ধ্বনি যদি অস্পষ্ট হয়, কে যুদ্ধের জন্য সুসজ্জ হইবে, যদি তূরীর ধ্বনি যদি অস্পষ্ট হয় ?" এখন যদি তূরীর ধ্বনি বলে "পশ্চাদপসরণ," এটাই আমাদের করতে হবে, পিছু হটতে হবে। তূরীর ধ্বনি যদি বলে "আক্রমণ," আমাদের

আক্রমণ করতে হবে। কিন্তু তূরীর ধ্বনি কি? ঈশ্বরের বাণী। এটা ঈশ্বরকে চিহ্নিত করে, এটা—এটা "উপরে যাও, বসে পড়ুন, পিছু হটুন, অস্ত্র মজুত করুন," এটা যাই হোক না কেন। এটা ঈশ্বরের তূরীর ধ্বনি।

98 এবং একটি অস্পষ্ট ধ্বনি, যখন বাইবেল বলে একটি নির্দিষ্ট বিষয় ঘটতে চলেছে; কেউ বলেন, "ওহ, এটা অন্য সময়ের, সেটা।" তখন সেখানে একটি অস্পষ্ট ধ্বনি। তখন আপনি কি করবেন তা জানেন না।

99 যীশু বলেছেন, "আমার প্রাণ সমর্পন করিতে এবং পুনরায় তা গ্রহণ করিতেও আমার ক্ষমতা আছে।" সেখানে কোন অনিশ্চিত ধ্বনি নেই।

100 মহিলাটি বললেন, "আমি জানি মশীহ আসিতেছেন; তিনি যখন আসিবেন, তখন আমাদিগকে সকলই জ্ঞাত করিবেন।"

101 তিনি বলেছিলেন, "আমিই তিনি।" সেখানে কোন অনিশ্চিত ধ্বনি নেই। "আমিই তিনি।" আহ-হাহ! আমেন।

তারা বলেছিল, "আমাদের পিতৃপুরুষেরা প্রান্তরে মান্না খাইয়াছিল।"

102 তিনি বলেছিলেন, "তাহারা, প্রত্যেকেই, মরিয়া গিয়াছে।" তিনি বলেছিলেন, "আমিই সেই জীবন্ত খাদ্য, যাহা স্বর্গ হইতে নামিয়া আসিয়াছে।" কোন অস্পষ্ট ধ্বনি নয়। "আমিই এদন উদ্যানের জীবন বৃক্ষ।" না, এটা কোনো অস্পষ্ট ধ্বনি নয়। অবশ্যই নয়। এটা অস্পষ্ট নয়। তিনি যা কিছু করেছেন তাতে তিনি নিশ্চিত ছিলেন।

103 বাইবেল একটি অস্পষ্ট ধ্বনি প্রদান করে না। এটি ধ্বনিতে ঈশ্বরের গুণাবলীকে চিহ্নিত করে।

104 যীশু বলেছেন, যোহন লিখিত সুসমাচার ১০:৩৭ এ, "আমার পিতার কার্য্য যদি না করি, কি...এবং আমার পিতার গুণাবলী আমার কাছে নেই, তবে আমাকে বিশ্বাস করিও না। তারা এক, তারা আমার মধ্যে তাঁর চরিত্র প্রমাণিত করে, তাঁর গুণাবলী।"

105 কারণ, পিতা বাক্য, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের সঙ্গে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন," এবং ঈশ্বরের গুণাবলী সেই যুগের জন্য তাঁর প্রতিশ্রুতির দ্বারা প্রদর্শিত হয়।

106 এখন তিনি যদি মোশির সময়ে থাকতেন, তাহলে তা কাজ করত না। এবং যদি মোশি তাঁর সময়ে বাস করতেন, তবে এটি কাজ করত

না। তিনি যদি নোহের সময়ে বাস করতেন, তাহলে এটা কাজ করত না, অথবা যদি নোহ্ তাঁর সময়ে বাস করতেন। নোহ্ সেই দিনের জন্য বিষয়গুলির ভবিষ্যদ্বাণী করেছিলেন, এবং তার গুণাবলী এবং তিনি যা করেছিলেন তা তাকে ঈশ্বরের বাক্য দ্বারা চিহ্নিত করেছিল। মোশিও একই কাজ করেছিলেন।

107 এবং এখানে যীশু আসেন, এবং বাক্য যীশু খ্রীষ্টের মধ্যে প্রমাণিত হয় যা সেই যুগের জন্য প্রতিশ্রুত হয়েছিল বাক্যের গুণাবলী দ্বারা, যা ঈশ্বর। আমেন।

108 পবিত্র আত্মার সেচন, শেষ দিনে, সাধারণ মানুষের উপর, মানুষের মধ্যে ঈশ্বরের গুণাবলী চিহ্নিত করেছে। তিনি এটা প্রতিশ্রুতি করেছেন। এটি বাক্য। তিনি বলেছেন, তিনি এটা করবেন। কেউ এটি নিয়ে নিতে পারবে না। তিনি বলেছেন, তিনি এটা করবেন।

109 তাই এই সমস্ত বিষয় যা তিনি প্রতিশ্রুতি করেছেন, তিনি তা করেন। এটি তাঁর গুণাবলীকে চিহ্নিত করে। হ্যাঁ, মহাশয়। "এটা বিশ্বাস করবেন না, আমার দাবি বিশ্বাস করবেন না, যদি আমার গুণাবলী ঈশ্বরের না হয়।"

110 এখন যোহন ১৪:১২ লক্ষ্য করুন, "যে আমাতে বিশ্বাস করে," তিনি বলেছেন, "আমার পরিচয় পেয়েছে, আমার গুণাবলী পেয়েছে। যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে।" এটি চিহ্নিত করে যে খ্রীষ্টের চরিত্র তাঁর মধ্যে রয়েছে, তাঁর গুণাবলীগুলি প্রদর্শন করছে। আমেন।

111 আমি এই মুহূর্তে বেশ ধার্মিক বোধ করছি, যদি আমি কর্কশ হই। হ্যাঁ, মহাশয়। হে, আমার! দেখুন, এতে কোন ভুল নেই! তার প্রাণ! "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে।" দেখুন, এটি গুণাবলী চিহ্নিত করে।

112 একই কথা তিনি বলেছেন: "যদি আমার চরিত্রটি আমার পরিচয় না দেয়," ঈশ্বর তাঁর—তাঁর মধ্যে, তাহলে তিনি...তাকে বিশ্বাস করবেন না। এখন, তিনি আরও বলেছেন যে তাকে তার মধ্যে চিহ্নিত করা হবে। তারপর, এটি যদি তাকে সনাক্ত না করে, তবে তিনি যা বলেন তা তিনি নন।

113 এবং, আজ, যদি খ্রীষ্ট নিজেকে সনাক্ত না করেন, খ্রীষ্টের বৈশিষ্ট্য আমাদেরকে খ্রীষ্টের হিসাবে চিহ্নিত করে, বাক্য বিশ্বাস করে...যীশু বাক্য ছিলেন, তাই তাঁকে সেই বাক্যে বিশ্বাস করতে হয়েছিল। এবং আমরা কিভাবে বলতে পারি যে আমরা খ্রীষ্টের, এবং

বাইবেলের কোন বাক্যকে অস্বীকার করতে পারি? খ্রীষ্টের পবিত্র আত্মা হল আপনার মধ্যে ঈশ্বর, এবং এটি প্রতিটি প্রতিশ্রুতিকে "আমেন" বলবে। বাইবেল বলে, "আর যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে।" ঈশ্বরের আত্মা বলে, "আমেন।" দেখুন?

114 তাদের একজন বলে না, "না, সেটা অন্য যুগের জন্য ছিল; যা শুধুমাত্র শিষ্যদের জন্য ছিল।"

115 "তোমরা সমুদয় জগতে যাও, সমস্ত সৃষ্টির নিকটে সুসমাচার প্রচার কর। যে, বিশ্বের কোনো স্থানে, বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহার অনুবর্ত্তী হইবে, একই জিনিস।" "কল্য, অদ্য এবং অনন্ত কাল একই," গুণাবলী চিহ্নিত করা হচ্ছে।

116 এটি ইব্রীয় ১:১, "ঈশ্বর বহুভাগে, ভাববাদিগণের দ্বারা পিতৃলোকদিগকের সাথে কথা বলিয়াছেন," খ্রীষ্টকে প্রমাণিত করেন, আজ পুনরুত্থিত, একই গুণাবলীর দ্বারা যা তিনি বিভিন্ন সময়ে করেছিলেন। আপনারা কি লক্ষ্য করেছেন? ঈশ্বর কখনো তার পথ পরিবর্তন করেন না।

117 পুরাতন নিয়মে, যখন একজন স্বপ্নদ্রষ্টা একটি স্বপ্ন দেখেন, আর এই স্বপ্ন সঠিক কি না তা দেখার জন্য দেশে কোন ভাববাদী ছিলেন না, তাদের অনুসন্ধান করার অন্য উপায় ছিল। তারা সেই ব্যক্তিকে নিয়ে যেত, যিনি স্বপ্ন দেখেছেন, তাকে মন্দিরে নিয়ে যেত। হারোণের বুকপাটা, যিনি মহাযাজক ছিলেন, সেই পদের উপর। আর এই স্বপ্নদর্শী এই স্বপ্নের কথা বলেন। এটা যতই ভালো শুনতে হোক না কেন, যতই বাস্তব শুনতে হোক; যদি ঐ পাথরের উপর কোন অতিপ্রাকৃত আলো না আসে, যাকে বলা হয় ঊরীম ও তুম্মীম (বাইবেল পাঠকরা বোঝেন); তারপর, আমার কিছু যায় আসে না যে এটি কতটা বাস্তব শোনায়, এটি তেমন ছিল না। ঈশ্বরের অস্বাভাবিকতা, ঈশ্বরের চরিত্র, তার গুণাবলীগুলিকে অতিপ্রাকৃতভাবে প্রদর্শন করতে হত, দেখানোর জন্য যে তিনি বার্তাটিতে নিজেকে প্রমাণিত করেছেন। আমেন।

118 আমি আজ রাতে একই কথা বলি। পুরানো ঊরীম তুম্মীম চলে গেছে, কিন্তু বাক্য এখনও সেই জিনিস যা ঈশ্বরের গুণাবলীকে চিহ্নিত করে, আমরা যে সময়টিতে বাস করছি সেই সময়ের প্রতিশ্রুতি। আমরা যে সময়ের মধ্যে বাস করছি সেই সময়ের প্রতিশ্রুতি দ্বারা চিহ্নিত ঈশ্বরের বৈশিষ্ট্য রয়েছে।

119 যা ঈশ্বরকে তিনি যেমন ছিলেন তেমনি করে তোলে। "বিভিন্ন সময়ে," দেখুন, "বহুরূপে, তিনি ভাববাদিগণের দ্বারা পিতৃলোকদিগকের সাথে কথা বলিয়াছেন।" "ব্যবস্থা ও ভাববাদিগণ যোহন পর্য্যন্ত; সেই অবধি ঈশ্বরের রাজ্য পর্যন্ত।" লক্ষ্য করুন, "কিন্তু এই শেষ সময়ে," তিনি তখন একই কথা বলছিলেন, "তাঁর পুত্র খ্রীষ্ট যীশুর মাধ্যমে।" "ঈশ্বর, বিভিন্ন সময়ে, বহুরূপে, ভাববাদিগণের মাধ্যমে পিতৃলোকদিগের সঙ্গে কথা বলিয়াছেন; এই শেষ কালে," একই জিনিস করছেন, "তাঁর পুত্র খ্রীষ্ট যীশুর মাধ্যমে লোকেদের (পিতাদের) সাথে কথা বলছেন।" তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, এবং তিনি আমাদের মধ্যে বাস করেন, নিজেকে প্রমাণিত করেন এবং আমাদের বিষয়গুলি ভবিষ্যদ্বাণী করেন, যে তিনি হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক। যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই! "ঈশ্বর, বিভিন্ন সময়ে এবং বহুরূপে ভাববাদিগণের মাধ্যমে পিতৃলোকদিগকের সাথে কথা বলিয়াছেন, কিন্তু এই শেষ সময়ে যীশু খ্রীষ্ট তাঁর পুত্রের মাধ্যমে।" ধর্মগ্রন্থের সাথে হস্তক্ষেপ করা যাবে না। এটা সঠিক।

120 আমি আগেই বলেছি, এই বাক্যের ব্যাখ্যা করার জন্য ঈশ্বরের কারো প্রয়োজন নেই। তিনি তার নিজের বাক্য ব্যাখ্যা করেন। যখন তিনি কিছু বলেন, এটি ঘটে, এটিই তার ব্যাখ্যা। দেখুন? তাকে বলার দরকার নেই, "ঠিক আছে, আমি বিশ্বাস করি এর মানে *এই*।" ঈশ্বর তার নিজের ব্যাখ্যা দ্বারা এটি প্রমাণিত করেন।

121 প্রতিশ্রুতি যদি সেই দিনের জন্য হয়, আমরা—আমরা—আমরা লুথারের আলোতে বাঁচতে পারব না, আমরা ওয়েসলির আলোতে বাঁচতে পারব না, আমরা তাদের কারও আলোতে বাঁচতে পারব না। এই দিনের জন্য যে আলোর প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সেই আলোতে আমাদের বাঁচতে হবে।

122 যদি মোশি মিশরে যেতেন এবং বলতেন, "ঠিক আছে, আমরা একটি বড় জাহাজ তৈরি করতে যাচ্ছি। আমরা এই দেশ থেকে ভেসে চলে যাবো। নীলনদ প্লাবিত হতে যাচ্ছে"? তারা শাস্ত্রে ফিরে তাকাত; যে এইরকম কোন প্রতিশ্রুতি নেই। সেটা ঠিক। কিন্তু, আপনারা দেখতে পাচ্ছেন, তিনি নিজেকে ঈশ্বরের ভাববাদী হিসাবে চিহ্নিত করেছিলেন, কারণ তিনি যা বলেছিলেন তা বাস্তবায়িত হয়েছিল, তখন তারা জানল যে তার কাছে প্রভুর বাক্য আছে। ফরৌণের বর্শা ছিল, কিন্তু মোশির কাছে বাক্য ছিল। তাই যখন তারা সমুদ্রে নামল, তখন বর্শাগুলো সমুদ্রের নীচে চলে যায়; এবং মোশি ইস্রায়েলকে সমুদ্রের ওপারে নিয়ে গিয়েছিলেন, শুকনো ভূমিতে,

কারণ তাঁর কাছে বাক্য ছিল এবং তিনি সেই সময়ের বাক্য ছিলেন। মোশি সেই সময়ের জন্য প্রকাশিত বাক্য ছিলেন।

এলিয় সেই সময়ের জন্য প্রকাশিত বাক্য ছিলেন।

123 খ্রীষ্ট হলেন প্রকাশিত বাক্য, এবং তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন। "আর অল্প কাল গেলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না, কিন্তু তোমরা দেখিতে পাইবে, কেননা আমি তোমাদের সাথে থাকিব, এমনকি তোমাতে, পৃথিবীর অন্ত অবধি। যে কার্য আমি করিতেছি তোমরাও করিবে।" তিনি এসব প্রতিশ্রুতি দিয়েছেন। এটা কি ? এটা ঈশ্বরের গুণাবলী তাঁর বাক্য প্রদর্শন করছে, যেমন তিনি সকল যুগে করেছিলেন।

124 মালাখি ৪, তিনি বলেছেন, "সদাপ্রভুর সেই মহৎ ও ভয়ঙ্কর দিন আসিবার পূর্ব্বে, দেখ, আমি তোমাদের নিকটে এলির ভাববাদীকে প্রেরণ করিব; সে পিতৃগণের প্রতি সন্তানদের হৃদয় ফিরাইবে, সেই দিন আসিবার পূর্বে।" তিনি এটা প্রতিশ্রুতি করেছেন।

125 যীশু বলেছেন, লুক লিখিত সুসমাচারের ১৭ তম অধ্যায়ে, "সদোমের দিনে যেমন হয়েছিল, মনুষ্যপুত্রের আগমনের সময়ও তাই হবে, যখন মানবপুত্র প্রকাশিত হবেন।" যখন প্রকাশ নিজেই প্রকাশিত হয়, যে দিনগুলিতে পৃথিবী সদোমের মতো হবে, তখন কী হবে ? সেই শাস্ত্রের বৈশিষ্ট্য পূর্ণ হবে। ঈশ্বর নিজেকে তার গুণাবলী দ্বারা প্রমাণিত করেন, তাঁর যে গুণাবলী সবসময় ছিল। তিনি সেটা ছাড়তে পারেন না।

126 শেষ দিনে, তিনি তাঁর পুত্রের মাধ্যমে প্রকাশ করেছিলেন। লক্ষ্য করুন কিভাবে ঈশ্বর সবসময় এগুলি করেন...যেমন তিনি সব-... তিনি কখনই তাঁর পথ পরিবর্তন করেন না।

127 এই তিন ব্যক্তি যারা অব্রাহামের সাথে কথা বলেছিল, যেমন আমরা সদোমের দিনে সেখানে কথা বলছিলাম।

128 অব্রাহাম একজন ব্যক্তি ছিলেন যিনি ঈশ্বরকে বিশ্বাস করতেন। তিনি তাঁর প্রতিশ্রুতিতে ঈশ্বরকে গ্রহণ করেছিলেন। সারা, তার স্ত্রী, পঁয়ষট্টি বছর বয়সী, অব্রাহাম পঁচাত্তর বছর বয়সী, যখন ঈশ্বর তাকে ডেকেছিলেন। তিনি বলেছিলেন, তাদের একটি—একটি সন্তান হতে যাচ্ছে; সারার দ্বারা অব্রাহামের একটি সন্তান হবে। এটা একটু হাস্যকর শোনাতে পারে, কিন্তু আমি কল্পনা করি সে ছোট জুতা এবং পিন সব—সব প্রস্তুত রাখে, এবং সবকিছু, প্রস্তুত, কারণ তারা এই শিশুর জন্ম দিতে যাচ্ছে।

129 প্রথম আঠাশ দিন পরে, কেন, অব্রাহাম হয়তো সারাকে বলেছিলেন, "তোমার কেমন লাগছে, প্রিয় ?"

"কোন পার্থক্য নেই।"

"ঈশ্বরের মহিমা হউক, আমরা এটি পেতে যাচ্ছি, যেভাবেই হোক।"

"তুমি কিভাবে জানলে ?"

"ঈশ্বর তাই বলেছেন।"

এক বছর কেটে গেল। "তোমার কেমন লাগছে, প্রিয় ?"

"কোন পার্থক্য নেই।"

"আমরা এটি পেতে যাচ্ছি, যেভাবেই হোক। ঈশ্বর তাই বলেছেন।"

পাঁচ বছর কেটে গেল। "এখন কেমন লাগছে, প্রিয় ?"

"কোন পার্থক্য নেই।"

"আমরা এটি পেতে যাচ্ছি, যেভাবেই হোক। ঈশ্বর তাই বলেছেন।"

130 এটা কি ছিল ? তার কাছে ঈশ্বরের প্রতিশ্রুতি ছিল। তিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, এবং তিনি ঈশ্বরের মতো কাজ করেছিলেন: তিনি প্রতিশ্রুত বাক্যকে ধরে রেখেছিলেন। এটা...

131 পঁচিশ বছর কেটে গেল। ছোট জুতাগুলো হলুদ হয়ে গেছে, কিন্তু সে (সারা) এখনও তাদের নিজের কাছে রেখেছে। এখন সে বৃদ্ধ, এবং কুঁজো হয়ে গেছে, এবং তার চেহারা খারাপ হয়ে গেছে; এবং সারার গর্ভ মৃতের মত প্রায়, এবং সে (অব্রাহাম) বন্ধ্যা। আর তারা কি অবস্থায় !

132 "তুমি কেমন অনুভব করছো, অব্রাহাম, জাতির পিতা ?" তার ভন্ড বিশ্বাসী বন্ধুরা তাকে বলতেন।

133 "ঠিক আছে, ঈশ্বরের মহিমা হউক, আমি ভালো অনুভব করি। যেভাবেই হোক আমরা সেই শিশুটিকে পেতে যাচ্ছি।" কারণ তিনি অবিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের প্রতিশ্রুতিতে স্তব্ধ হননি; কিন্তু তিনি শক্তিশালী ছিলেন, ঈশ্বরের প্রশংসা করতেন, কারণ তিনি সম্পূর্ণরূপে বিশ্বাস করেছিলেন যে ঈশ্বর যা বলেছেন, ঈশ্বর তা করতে সক্ষম। আমেন। বিশ্বাসীদের গুণ সেখানে।

134 আপনার বিষয়ে কি ? দেখুন ? আমরা, অব্রাহামের সন্তানদের বিষয়ে কি ? আমরা কি একটি প্রতিশ্রুতি হিসাবে ঈশ্বরের বাক্য সঙ্গে

এক হয়েছি, এবং আমাদের চারিত্রিক গুণাবলী কি আমাদের পরিচয় দেয় যে আমরা আসলে এটা বিশ্বাস করি? অথবা, আমরা কি শুধু মত পরিবর্তন করি, *এখান* থেকে লাফাই, *এখানে*, আর *এখানে* নিচে, আর অনুমান করি, আর মত পরিবর্তন করি, এই সম্পর্কে? তাহলে, আমরা খ্রিস্টান নই, আমরা কেবল বিশ্বাস করছি।

135 কিন্তু, যখন আমরা সত্যিই সেই প্রতিশ্রুতিতে দাঁড়াই, ঠিক সেখানেই এটিকে আঙুল দিয়ে রাখি এবং এর সাথেই থাকি! অব্রাহাম করেছিলেন।

136 এখন আমরা খুঁজে পাই, একদিন তিনি তিনজন লোককে হেঁটে আসতে দেখলেন। বাইবেল এখানে বলে, "এটা দিনের গরমের সময় ছিল," প্রায় দুপুর হবে। এই লোকগুলি আসলেন এবং তার সাথে কথা বলছিলেন। আমরা বুঝতে পারি যে তাদের মধ্যে দুজন সদোমে নেমে গেলেন। আমি বিশ্বাস করি যে আমরা অন্য রাতে এটি নিয়ে কথা বলেছি। তাদের মধ্যে একজন তার সঙ্গে থেকে গেলেন।

137 এই লোকটিকে দেখুন যাকে তিনি ডেকেছিলেন...যিনি তার সাথে থাকলেন, লোকটা কি করেছিল। একজনকে তাঁর গুণাবলীর দ্বারা চিহ্নিত করা হয়েছিল, যে তিনি এলোহিম ছিলেন।

138 এলোহিম, বাইবেলের প্রথম শব্দ, "আদিতে ঈশ্বর..." এখন, আপনাদের মধ্যে কোন পণ্ডিত জানেন যে *ঈশ্বর* শব্দের অর্থ হিব্রুতে "এলোহিম," যার অর্থ, "সর্বশক্তিমান, স্বয়ং সম্পূর্ণ, স্বয়ং বিদ্যমান," যার কারও সাহায্যের প্রয়োজন নেই, যার কারও ব্যাখ্যার প্রয়োজন নেই; তিনি নিজেই করেন। তিনিই স্বয়ং সম্পূর্ণ ঈশ্বর, সর্বব্যাপী, সর্বজ্ঞ, সর্বশক্তিমান। তিনিই ঈশ্বর।

139 সেখানে তিনি ছিলেন। আর অব্রাহাম এখন, এই কুলপতি, যিনি বাক্যের অধিকারী ছিলেন, এই ব্যক্তিটির দিকে তাকালেন। এবং যখন এই ব্যক্তিটি তাঁবুর দিকে ফিরে গেল, তখন তিনি বললেন, "তোমার স্ত্রী সারা কোথায়?"

বললেন, "সে তাঁবুতে আছে, আপনার পিছনে।"

140 বললেন, "আমি জীবনের সময় অনুসারে আপনার সাথে দেখা করব, আর আমি যে প্রতিশ্রুতি তোমাকে দিয়েছিলাম সেই সন্তান তুমি পাবে।"

141 আর সারা এটা নিয়ে হেসেছিল। আর যিনি তাঁর সঙ্গে কথা বলছিলেন, তাঁবুতে সারা তাঁর পিছনে যা বলেছিল তা তাঁকে বললেন।

142 এখন, আদিতে, আপনি এটি পড়বেন। আমরা তখন জানতে পারি যে, অব্রাহাম, এই মানুষটি নিজেকে প্রকাশিত করার পর...

143 এটা কি ছিল ? ইব্রীয়, ৪ র্থ অধ্যায়, ১২ তম পদ, বলে, "ঈশ্বরের বাক্য তীক্ষ্ণ, দ্বিধার খড়গ অপেক্ষা শক্তিশালী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।"

144 তিনি জানতেন যে এই লোকটি সেই ব্যক্তি। তিনি জানতেন যে তিনি ছাড়া পৃথিবীতে কোন ভাববাদী নেই, আর সেইজন্য প্রভুর বাক্য তাঁর কাছে এসেছিল। আর তিনি ভাববাদী ছিলেন, আর এখানে বাক্য ভাববাদীর কাছে আসেন।

145 যোহন বাপ্তাইজকের সঙ্গে একই ব্যাপার। চারশত বছর ধরে কোনো ভাববাদী ছিলেন না। আমার মনে পড়ে...

146 হয়তো ডাক্তার ডেভিস এখানে বসে আছেন, আজ রাতে, মিশনারি ব্যাপটিস্ট প্রচারক যিনি আমাকে বিশ্বাসে বাপ্তিস্ম দিয়েছিলেন। আমার সাথে তর্ক করতেন। তিনি বলেছিলেন, "বিলি, তুমি এখন শুধু বাচ্চা। তোমাকে আমার কথা শুনতে হবে।"

আমি বলেছিলাম, "ঠিক আছে, ভাই ডেভিস, আমি শুনছি।"

147 তিনি বলেছিলেন, "তুমি দেখ, যোহন বাপ্তিস্ম নেননি। তাই তিনি বাপ্তিস্ম দিচ্ছিলেন, কিন্তু বাপ্তিস্ম নেন নি; কেউ তাকে বাপ্তিস্ম দেওয়ার যোগ্য ছিল না।" এটা ভালো ব্যাপটিস্ট ধর্মতত্ত্ব। "এবং এখানে যীশু আসেন, আর তখন বলেন...যোহন বলেন, 'আপনার দ্বারা আমারই বাপ্তাইজিত হওয়া আবশ্যক; আর আপনি আমার কাছে আসিতেছেন ?' এবং তিনি বললেন, 'এখন সম্মত হও।'" তিনি বলেছিলেন, "আর তখন যখন সে 'সম্মত হল," বললেন, "আপনারা দেখুন, তারপর যীশু যোহনকে বাপ্তিস্ম দিলেন। এবং যখন তিনি জল থেকে বেরিয়ে আসলেন, তখন আকাশ খুলে গেল আর সে ঈশ্বরকে কপোতের ন্যায় দেখলেন, নেমে এসে তার উপর চলে গেল, বললেন, 'ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁতেই আমি প্রীত।'" কিন্তু, না, ডাক্তার ডেভিসের সাথে একমত না হলেও, তিনি ভুল ছিলেন।

148 দেখুন, যোহন ভাববাদী ছিলেন এবং বাক্য সর্বদা ভাববাদীর কাছে আসে। সুতরাং ভাববাদী যদি দেহধারণ করে থাকে, তবে তাকে ভাববাদীর কাছে আসতে হবে, যেভাবেই হোক; কারণ, তিনি বাক্যের সাক্ষ্য দিচ্ছিলেন, এবং তার গুণাবলীই তাকে চিহ্নিত করেছিল। এখানে বাক্য আসেন, এখন কি হয়েছিল ? যীশুর সামনে যাওয়ার সাথে সাথেই, যোহন বললেন, "আপনার দ্বারা

আমারই বাপ্তাইজিত হওয়া আবশ্যক; আর আপনি আমার কাছে আসিতেছেন?"

149 যীশু বললেন, "এখন সম্মত হও, কেননা এইরূপে সমস্ত ধার্ম্মিকতা (আমাদেরকে দেখে) সাধন করা আমাদের পক্ষে উপযুক্ত।" যোহন ভাববাদী হয়ে; তিনি বাক্য হয়ে। তিনি ছিলেন বলিদান, এবং তিনি তাঁর পার্থিব সেবাকার্যে প্রবেশের জন্য স্থির করছিলেন, এবং বলিদান করার আগে সেটা ধুয়ে ফেলতে হত। এবং যোহন তাকে বাপ্তিস্ম দিলেন, কারণ তিনি জানতেন। "এখন সম্মত হও, কেননা এইরূপে সমস্ত ধার্ম্মিকতা সাধন করা আমাদের পক্ষে উপযুক্ত।" বলিদান করার আগে সেটা ধুয়ে ফেলতে হত, আর তাই যোহন তাকে বাপ্তিস্ম দিয়েছিলেন। এটা যীশু যোহনকে বাপ্তিস্ম দিচ্ছিলেন না। যোহন যীশুকে বাপ্তিস্ম দিয়েছিলেন। "এখন সম্মত হও।"

150 লক্ষ্য করুন, এখানে অব্রাহাম ছিলেন, এবং তাঁর কাছে প্রভুর বাক্য ছিল। প্রভুর বাক্য তার কাছে আসে। তিনি ছিলেন ভাববাদী। আর এখন এখানে বাক্য আসে। তিনি তাকে বললেন, "অব্রাহাম," *অব্রাম* নয়।

151 তার কয়েকদিন আগে তার নাম ছিল অব্রাম—অব্রাম, এখন এটি অব্রাহাম। তার স্ত্রীর নাম সারী ছিল, এখন "সারা," এস-এ-আর-আর-এ নয়; এস-এ-আর-এ-এইচ। (এ-বি-আর-এ-এইচ-এ-এম) এ-বি-আর-এ-এম নয়, কিন্তু এ-বি-আর-এ-এইচ-এ-এম, অব্রাহাম।

152 আর এই লোকটি নিজেকে চিহ্নিত করেছিলেন, যখন তিনি বলেছিলেন, "অব্রাহাম!" হে, আমার!

অব্রাহাম বললেন, "এলোহিম!"

153 সেখানে বাক্য এবং ভাববাদী একসাথে, উভয় চরিত্র চিহ্নিত করা হয়েছে।

154 এলোহিম, তিনি বললেন, "তোমার স্ত্রী সারা কোথায়?"

155 বললেন, "সে তাঁবুতে, আপনার পিছনে।" এবং...তারপর অলৌকিক ঘটনা ঘটল। এলোহিম! অব্রাহাম তাকে ডাকলেন, "স্বয়ং-সম্পূর্ণ, সর্বশক্তিমান, সর্বশক্তিমান ঈশ্বর।"

156 যীশু বলেছিলেন, যখন তিনি পৃথিবীতে ছিলেন, তিনি একই কাজ করেছিলেন যা এলোহিম করেছিলেন। যা তাঁর গুণাবলীকে ঈশ্বর হিসেবে চিহ্নিত করেছিল।

157 আর তিনি বলেন, আগে, “শেষ সময়ে, মনুষ্যপুত্রের আগমনের সময়, যখন তিনি প্রকাশিত হবেন, সেই রূপ পুনরায় হবে, যেমন এটা সদোমে হয়েছিল।” তাঁর লোকেদের মধ্যে এলোহিম, সর্বশক্তিমান ঈশ্বর! এটাই শাস্ত্র বলে। লোকদের মধ্যে এলোহিম!

158 চল্লিশ বছর ধরে তিনি আমাদেরকে পবিত্র আত্মায় বাপ্তিস্ম দিচ্ছেন, এলোহিম, ঈশ্বর! এবং মণ্ডলী...

159 দেখুন, অব্রাহাম একটা চিহ্ন দেখেছেন, আরেকটা আহ্বান; একটি চিহ্ন, একটি আহ্বান; একটি আহ্বান, একটি চিহ্ন; সেই প্রতিশ্রুত পুত্রের অপেক্ষায়। কিন্তু তিনি যে শেষ চিহ্নটি দেখেছিলেন, শেষ সাক্ষাৎ, প্রতিশ্রুত পুত্রের আগমনের পূর্বে ঈশ্বরের শেষ সাক্ষাৎ, মানবদেহে এলোহিম ছিলেন। তারপর প্রতিশ্রুত পুত্র আসে।

160 আর অব্রাহামের বংশ প্রতিশ্রুত পুত্র, যীশু খ্রীষ্টের জন্য অপেক্ষা করছে। এবং তারা লক্ষণ দেখেছে, পবিত্র আত্মার সেচন, অন্য ভাষায় কথা বলা, ঐশ্বরিক আরোগ্যকরণ ইত্যাদি। কিন্তু যখন মনুষ্যপুত্র প্রকাশিত হবেন, এলোহিম অব্রাহামের রাজবংশের কাছে ফিরে আসবেন এবং সেই একই জিনিস দেখাবেন যা তিনি সেই দিন দেখিয়েছিলেন, আমেন, এলোহিম, যেমন তিনি ছিলেন! কেন? এটা ঈশ্বরের গুণাবলী হবে।

161 এখন, যদি খ্রীষ্ট ঈশ্বর হতেন, “আর অল্প কাল গেলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না; কিন্তু তোমরা দেখিতে পাইবে, কারন আমি তোমাদিগেতে আছি, এমনকি তোমাদিগের মধ্যে, অন্ত অবধি, শেষ পর্যন্ত। আমি যে সকল কার্য্য করিতেছি, তোমরাও করিবে।”

162 যীশু বলেছেন লুক—লুক লিখিত সুসমাচার, তার ১৭ অধ্যায়ে। ঠিক আছে, যখন আমরা বিশ্বাস করি এবং এই শেষ দিনগুলি দেখি, এই রকম পুনরায় হতে হবে।

163 অতএব, ইব্রীয় ১:১, “ঈশ্বর, বিভিন্ন সময়ে ভাববাদীগণের দ্বারা নিজেকে প্রকাশিত করেছেন, এই শেষ দিনে মৃতদের মধ্য থেকে তাঁর পুত্রের পুনরুত্থান প্রকাশিত করেছেন,” মণ্ডলীকে একই গুণাবলী প্রদান করে যা তার ছিল, ইব্রীয় ১৩:৮ কে সঠিক প্রমাণিত করে।

164 এর থেকে কোনো পালক তোলা যাবে না। এটি ঈগলের পালক। তারা শক্ত হয়ে থাকে, কারণ তারা স্বর্গীয় পাখি। [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...তারা তাদের ঈগলের খাদ্য খাওয়ায়।

165 এখন আমরা লক্ষ্য করি যে, “বিভিন্ন সময়ে, বহুরূপে, তিনি ভাববাদিগণের দ্বারা পিতৃলোকদিগকের সাথে কথা বলিয়াছেন, এই

শেষ কালে তাঁর পুত্র যীশু খ্রীষ্টের মাধ্যমে, তাহাকে মৃতদের মধ্য হইতে পুনরুত্থিত করিয়া।” আর এখানে তিনি আমাদের মাঝে, দুই হাজার বছর পরে, একই যীশু, একজন ভাববাদী নয়; যীশু, হালেলুইয়া, ঈশ্বরের পুনরুত্থিত পুত্র !

166 যীশু বলেছিলেন, একদিন তিনি বলেছিলেন, “এই কালের দুষ্ট ও ব্যভিচারী লোকেরা চিহ্নের অন্বেষণ করে, আর তাহারা একটি চিহ্ন পাইবে।” একটি দুষ্ট এবং ব্যভিচারী প্রজন্ম। কবে পৃথিবী এখনকার চেয়ে বেশি দুষ্ট, বা ব্যভিচারী ও বিকৃত ছিল ?

167 “যোনার দিনে যেমন হয়েছিল, যোনা যেমন তিন দিন ও রাত তিমির পেটে ছিলেন, তাই মনুষ্যপুত্র অবশ্যই তিন দিন ও রাত পৃথিবীর ভিতরে থাকবেন।”

168 তারপর, “একটি দুষ্ট এবং ব্যভিচারী প্রজন্ম” একটি চিহ্ন গ্রহণ করে। কি ধরনের একটি চিহ্ন ? পুনরুত্থানের চিহ্ন। এবং আজ আমাদের কাছে এটা আছে, দুই হাজার বছর পরেও, তিনি জীবিত আছেন। তিনি আমাদের মাঝে, আজ রাতে, কাল, আজ এবং অনন্ত কাল একই, ঈশ্বরের গুণাবলী দ্বারা নিজেকে প্রমাণিত করছেন, এই সময়ের বাক্য প্রকাশ করছেন যা তিনি করার প্রতিশ্রুতি করেছিলেন। আমেন।

169 সেখানে বাক্য আছে। এখন আপনি কি চিহ্ন বিশ্বাস করবেন ? পরের বিষয়, শেষ সময়ে, তাঁর পুত্রের দ্বারা তাঁর পরিচয়। লক্ষ্য করুন।

170 ঈশ্বর বিভিন্ন সময়ে মোশির সাথে কথা বলেছিলেন। দ্বিতীয় বিবরণ ১৮:১৫, বলেছেন, “তোমাদের ঈশ্বর সদাপ্রভু আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন।” এখন দেখুন। এটাই বাক্য। সেটা হল বাক্য। সেটা ঈশ্বর ছিলেন। এটা মোশি ছিলেন না। মোশি কিভাবে জানবেন ? তিনি একজন মানুষ ছিলেন। কিন্তু ঈশ্বর, মোশির মাধ্যমে কথা বলে এই কথা বলেছেন। আপনারা কি এটা বিশ্বাস করেন ? ঠিক আছে।

171 এখন লক্ষ্য করুন যীশু, দেখুন কিভাবে তার—তার গুণাবলী এই প্রতিশ্রুত বাক্য সত্য প্রমাণিত করেছেন। তিনি অবশ্যই করেছেন। তাকে এই গুণাবলীর দ্বারা চিহ্নিত করা হয়েছিল যা মোশি বলেছিলেন যে তিনি হবেন।

172 তাদের অনেকেই, আজকের মতো, মহান নেতাকে দেখতে চান। “ওহ, ইনি ডাক্তার পিএইচ. *অমুক-অমুক।* তিনি হার্টফোর্ড ইউনিভার্সিটি থেকে শিক্ষিত।” অথবা, “সে এমন কিছু বড় বড়

জায়গা থেকে বেরিয়ে এসেছে।” এটা ঈশ্বরের কোন পরিচয় নয়। না, না। এই সম্পর্কে কিছু না। বাক্য ঈশ্বরকে প্রমাণিত করে। দেখুন ?

173 যীশু একজন বিদ্বান ছিলেন না, তিনি একজন পুরোহিতও ছিলেন না, জগতের কাছে তিনি একজন রব্বিও ছিলেন না। জগতের কাছে তিনি ছিলেন একজন ধর্মত্যাগী।

174 কিন্তু ঈশ্বর তাঁর মাধ্যমে তাঁর বাক্য প্রমাণিত করছিলেন, যা তাঁকে ইম্মানূয়েল বানিয়েছিল। এটাই ছিল তাঁর পরিচয়। এখন, এখানে, যীশু ঠিক তাই করছিলেন যা বিভিন্ন সময়ে ঈশ্বর বলেছিলেন যে তিনি করবেন, তিনি কি করবেন মোশির মাধ্যমে বলেছিলেন।

175 এখন দেখুন তিনি যখন পিতরের সাথে দেখা করলেন, যেমনটি আমরা অন্য রাতে নাটক করেছিলাম, যখন তিনি পিতরের সাথে দেখা করলেন এবং পিতরকে বললেন তার নাম কি। এই চিহ্নটি পিতরের কাছে তাঁর মশীহ হওয়ার দাবি প্রমাণিত করেছিল, কারণ বাক্য বলেছিল, “তোমার ঈশ্বর সদাপ্রভু এক ভাববাদী উৎপন্ন করিবেন।”

176 আর পিতর আসেন, যিনি তখন শিমোন ছিলেন, তিনি যেখানে ছিলেন সেখানে আসেন। যীশু তার দিকে তাকিয়ে বললেন, “তোমার নাম শিমোন, আর তুমি যোহনের পুত্র।” এটি খ্রীষ্টের গুণাবলীকে সেই বাক্য হিসাবে চিহ্নিত করেছিল যা মোশি প্রতিশ্রুতি দিয়েছিলেন। পিতর চিনতে পেরেছিলেন যে সেই চিহ্নটি যীশুকে মশীহ হিসাবে চিহ্নিত করেছিল। “ঈশ্বর খ্রীষ্টে ছিলেন,” শেষ দিনের জন্য অভিষেক। নথনেলের কাছে...মনে রাখবেন, তিনি শিমোনকে তার নাম বলেছিলেন।

177 এখন, দেখুন, নথনেলকে বলেছিলেন সে যা করেছিল। “তুমি সেই গাছের তলে ছিলে, তখন আমি তোমাকে দেখিয়াছিলাম।” সেটা তাঁকে মশীহ প্রমাণিত করে।

178 বললেন, “আপনিই ঈশ্বরের পুত্র। আপনিই ইস্রায়েলের রাজা।” তিনি প্রতিশ্রুত বাক্যের বৈশিষ্ট্য দ্বারা প্রমাণিত হয়েছিলেন যে তিনি মশীহ হবেন। “তোমার ঈশ্বর সদাপ্রভু এক ভাববাদী উৎপন্ন করিবেন।”

179 কূপের কাছে সেই মহিলা, তিনি তাকে বলেছিলেন যে সে কী এবং এটি তাকে এই প্রতিশ্রুত মশীহ হিসাবে প্রমাণিত করেছিল। দেখুন ?

180 তাঁর চরিত্র, তাঁর গুণাবলী, বাক্য প্রমাণিত হয়েছিল। তাঁর গুণাবলী দেখিয়েছিল যে বাক্য ঈশ্বর, তাই খ্রীষ্টের মধ্যে ঈশ্বরকে প্রমাণিত করা হয়েছিল। এখন এটা দেখুন। লক্ষ্য করুন।

181 পিতরের কাছে, তিনি পিতরের কাছে তার নাম ধরে ডেকে তিনি প্রমাণিত হয়েছিলেন। নথনেলকে সে যা করেছিল তা বলে তার কাছে প্রমাণিত হয়েছিলেন। মহিলাটি কী ছিল তা বলে তার কাছে প্রমাণিত হয়েছিলেন। সে কি... *সে* কে ছিল; *সে* কি করেছিলেন; আর *সে* কি ছিল। তিনি তাঁর মশীহ হওয়ার গুণাবলী প্রমাণিত করেছিলেন, এটি ছিল মশীহের গুণাবলী।

182 দেখুন মহিলাটি সেই একই কথা বলেন। "মহাশয়, আমি দেখিতেছি যে, আপনি ভাববাদী। আমাদের শত শত বছর ধরে কোনো ভাববাদী নেই। আমাদের প্রচুর গির্জা আছে, অনেক ঝগড়া এবং ধর্মসাম্প্রদায়িক পার্থক্য আছে, কিন্তু আমাদের শত শত বছর ধরে কোনো ভাববাদী নেই। আমরা জানি যে যখন মশীহ আসবেন, এটিই তাকে প্রমাণিত করবে।"

183 তিনি বলেছিলেন, "তোমার সহিত কথা কহিতেছি যে আমি, আমিই তিনি।" এতে অনিশ্চিত কিছু নেই, "আমিই তিনি।" সেটা তাকে প্রমাণিত করে।

184 রক্তের সমস্যা সহ মহিলা, তাকে বাক্য বলে প্রমাণিত করেছিলেন। কিভাবে? যখন তার বিশ্বাস তাকে স্পর্শ করেছিল তখন তিনি যা করেছিলেন তার দ্বারা। তিনি ফিরে তাকিয়ে বললেন, "কে আমাকে স্পর্শ করেছে?" তিনি জানতেন কিছু একটা হয়েছে। যা যিশুকে মশীহ হিসেবে প্রমাণিত করেছিল।

185 সে এটা বিশ্বাস করল, আর সে বলল, "আমি যদি তাঁর বস্ত্র স্পর্শ করতে পারি, আমি সুস্থ হয়ে উঠব।"

186 তাই সে স্পর্শ করার সাথে সাথে, তিনি ফিরে তাকালেন, বললেন, "এখন কে আমাকে স্পর্শ করেছে?" এবং তারা সবাই তা অস্বীকার করেছিল। কিন্তু তাঁর মশীহের গুণাবলী...

187 আমেন! আমি আশা করি আপনারা তা দেখতে পাচ্ছেন, মণ্ডলী। শুনুন, যখন আমরা সমাপ্ত করছি।

188 সেখানে সে তাকে স্পর্শ করেছিল। হয়তো শত শত লোক সেখানে ছিল, তাকে স্পর্শ করার চেষ্টা করছিল। এমনকি পিতর তাকে ধমক দিয়ে বললেন, "ঠিক আছে, তাদের সবাই আপনাকে স্পর্শ করছে।"

189 তিনি বলেছিলেন, "হ্যাঁ, কিন্তু কেউ আমাকে ভিন্নভাবে স্পর্শ করেছে।" সেটাই পার্থক্য, সেই বিশ্বাসের স্পর্শ। দেখুন ? বলেছিলেন, "কেউ আমাকে স্পর্শ করেছে। এটি একটি ভিন্ন স্পর্শ ছিল। আমি দুর্বল হয়ে গেছি। শক্তি আমার থেকে বেরিয়ে গেছে। সদ্‌গুণ আমার কাছ থেকে চলে গেছে।" এখন, তিনি সেখানে দাঁড়িয়ে আছেন।

190 এখন, এমনকি তাঁর নিজের শিষ্যও বলছেন, অন্য কথায়, "আপনার কথা শুনে—শুনে মনে হচ্ছে আপনি কোন অপরাধী ব্যক্তি ছিলেন। কেন, মানুষরা, সবাই আপনাকে স্পর্শ করছে।"

191 দেখুন, এখন তার পরিচয় দেখুন। তিনি ঘুরে দাঁড়ালেন, ভিড়ের দিকে তাকালেন। তিনি তাকে ঠিক বার করলেন। সে আর নিজেকে আড়াল করতে পারল না। তিনি তাকে তার অবস্থার কথা বললেন আর বললেন, "তার বিশ্বাস তাকে সুস্থ করেছে।"

192 এর দ্বারা সে জানতে পারে যে, ইব্রীয় ৪:১২, "বাক্য হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।" তার গুণাবলী তাকে প্রমাণিত করেছে "ঈশ্বরের বাক্য দেহধারণ করেছেন এবং আমাদের মধ্যে বাস করছেন।" আমেন।

193 আমি মনে করি আজ রাতে একই জিনিস তাকে প্রমাণিত করে, পুনরুত্থিত যীশু খ্রীষ্ট আজ রাতে আমাদের মধ্যে বাস করছেন, কাল, আজ এবং অনন্ত কাল একই। এখন, যেমন ইব্রীয় ১৩:৮ সত্য, তার চরিত্র আজ তাকে চিহ্নিত করবে, যেমনটি তখন হয়েছিল, একইভাবে।

194 পুনরুত্থানের পরে ক্লিয়পা এবং তাদের দিকে দেখুন। যীশু নিজেকে প্রকাশিত করেছিলেন যেভাবে তিনি সেই রুটিটি ভেঙেছিলেন, তিনি ক্রুশবিদ্ধ হওয়ার আগে যেভাবে করতেন ঠিক সেভাবে তিনি এটি করেছিলেন। আর তারা...এটি তাঁর গুণাবলী চিহ্নিত করে, কারণ তিনি এভাবেই করতেন।

195 এখন তিনি যদি আজ রাতে এখানে থাকতেন, তাহলে তিনি কীভাবে নিজেকে প্রমাণিত করতেন ? ঠিক যেমন তিনি গতকাল করেছিলেন, কারণ তিনি আজও একই, এবং চিরকালও থাকবেন। এটি সনাক্তকরণ। ইব্রীয় ৪, চার-...১৪ এবং ১৫, "তিনি এখন..." বলে, "তিনি আমাদের মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করা যায়।" তিনি এই মুহূর্তে আমাদের মহাযাজক। তাঁর পুনরুত্থানের পরে, তাঁর মৃত্যুর পরে, তাঁর সমাধির পরে, তাঁর পুনরুত্থানের পরে, তাঁর স্বর্গারোহণের পরে, আমেন, তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই রয়ে গেছেন, একজন

মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করা যেতে পারে। আমেন। তিনিই এই মুহূর্তে তাই, এখানকার প্রতিটি পুরুষ এবং মহিলার কাছে যারা বিশ্বাস করবে। তিনি আমাদের মহাযাজক, কাল, আজ এবং অনন্ত কাল একই।

196 তিনি সবসময় জীবিত থাকেন। আপনারা কি এটা বিশ্বাস করেন ? তাঁর গুণাবলী ক্রমাগত তাঁকে একই বলে প্রমাণিত করে ঠিক সেইরকম যখন তিনি পৃথিবীতে বাস করতেন। তিনি এখনও এখানে বাস করছেন, আজ রাতে, পবিত্র আত্মার রূপে। তিনি সবসময় জীবিত থাকেন। আর তাঁর গুণাবলী তাঁকে অনুসরণ করে, ঠিক যেমনটি সর্বদা করেছে, যদি তিনি এখনও জীবিত থাকেন।

197 আমি কৃতজ্ঞ, আজ রাতে, যে, "ঈশ্বর, বিভিন্ন সময়ে এবং বহুরূপে ভাববাদিগণের দ্বারা পিতৃলোকদিগকের সাথে কথা বলিয়াছেন, এই শেষ কালে তার পুত্র যীশু খ্রীষ্টের মাধ্যমে।"

198 আমার, আমি জানতাম না আমি এতক্ষণ কথা বলেছি। আমি সেটার মত থাকার কথা ভুলে গিয়েছিলাম। আমি দুঃখিত। আমি... আমি সমাপ্ত করব।

আসুন আমরা প্রার্থনা করি।

199 স্বর্গীয় পিতা, মহান করুণাময় ঈশ্বর! প্রভু, আমি—আমি... হয়তো আমি খুব বেশি কথা বলি। আমি প্রার্থনা করি, ঈশ্বর, যদি আমি করে থাকি, আপনি আমাকে ক্ষমা করবেন। কিন্তু, প্রভু, আমি যা বলেছি তার জন্য আমি ক্ষমা চাইতে পারি না। আপনি আপনার বাক্যে যা বলেছেন তা আমি এখানে বলেছি।

200 এখন শুধু আপনার কাছ থেকে একটি বা দুটি বাক্য, প্রভু, হয়ত এখানে সবাই আজ রাতে এটি দেখতে পাবে। অসুস্থ লোকেরা সুস্থ হয়ে উঠবে যখন তারা দেখবে যে আপনি এখনও আমাদের মহান মহাযাজক। আমি প্রার্থনা করি, প্রভু, এই কয়েক মিনিটের মধ্যে, আপনি এই বার্তাটিকে আবার বাস্তবে জীবন্ত করে তুলবেন। আমি বাক্য দ্বারা যা বলেছি, আজ রাতে আপনার গুণাবলী আপনাকে আমাদের মাঝে যেন প্রমাণিত করে, যে আপনি কাল, আজ এবং অনন্ত কাল একই, কারণ এটি যীশুর নামে আমরা এটি প্রার্থনা করি। আমেন।

201 এখন শুধু একটি মুহূর্ত। আমরা, আমার—আমার একটু দেরি হয়ে গেছে, কিন্তু আপনারা সবাই কি পনের, বিশ মিনিটের জন্য একটু প্রার্থনা করার জন্য কষ্ট সহ্য করবেন? যদি আপনারা করেন, একে অপরের হাত ধরুন, বলুন, "আমরা..." ঠিক আছে,

ধন্যবাদ—ধন্যবাদ। আমি আপনাদেরকে সাড়ে নয়টার মধ্যে ছেড়ে দেবার প্রতিশ্রুতি দিয়েছিলাম। এখন এটি সেই সময়; এখন বিশ মিনিট আছে। তাই আপনারা যদি আমাকে প্রায় দশ মিনিট সময় দেন, আমি তাড়াতাড়ি করব।

202 দেখা যাক, আজকে তারা কোন প্রার্থনার কার্ড দিয়েছেন? [এক ভাই বললেন, "ও (O)।"—সম্পাদকীয়।] ও? কি, আমরা অন্য রাতে কোথায় শুরু করেছিলাম, এক, এক? ["আমার মনে হয় এটা এক থেকে ছিল।"] হ্যাঁ, উহ-হুহ।

203 আর তারপর আমরা, গত রাতে, আমরা শুধু...পবিত্র আত্মা... আমি আজ শুনছিলাম, এবং যা বলা হয়েছে তার পুনরাবৃত্তি করছিলাম। তাদের মধ্যে কয়েকজন ফরাসি নাম, আমি ছিলাম... পবিত্র আত্মা; একমাত্র উপায়ে আমি এটা করতে পারি, শুধু অপেক্ষা করা আর দেখা।

204 দেখুন, কখনও কখনও আপনি যখন একটি দর্শন দেখতে পান, তখন এটিকে ঘুরিয়ে অনুবাদ করতে হয়। এটা ব্যাখ্যা করা হয়। একটি দর্শন, যেমন আপনি—আপনি একটি—একটি মেষ দেখতে পান, এর অর্থ হতে পারে উল। দেখুন, আপনার এটির অনুবাদও থাকতে হবে, দেখুন এবং সেই দর্শন ঘুরিয়ে দিন এবং অনুবাদ করুন।

205 এবং আমি গত রাতে লক্ষ্য করেছি, আমি—আমি সেই ফরাসি নামগুলি উচ্চারণ করতে পারিনি, আমাকে এটি বানান করতে হয়েছিল।

206 আফ্রিকায় সেইসব হটেন্টটস এবং বিধর্মীদের, তাদের নামের বানান বলতে হয়, তাদের বলুন তারা কারা, তাদের ভাষায় সঠিকভাবে বানান করুন। আপনি এটি বানান করার সাথে সাথে তারা, তারা জানবে তিনি কে। কিন্তু, দেখুন, তিনি কিন্তু সব ভাষা জানেন। তিনিই চিরন্তন ঈশ্বর।

207 আসুন আজ রাতে শুরু করা যাক, ধরা যাক, পঁচাত্তর থেকে, একশ পর্যন্ত, ও থেকে। সেটা কি ও, তিনি কি তাই বলেছেন? আমি...[একজন ভাই বললেন, "হ্যাঁ। ও।"—সম্পাদকীয়।] ও, ও। হ্যাঁ। ঠিক আছে। কার কাছে প্রার্থনা কার্ড পঁচাত্তর আছে, দেখা যাক? ও তে, প্রার্থনা কার্ড ও, পঁচাত্তর, আপনার হাত উপরে তুলুন, যার কাছে আছে। ও। ঠিক আছে। *এখানে* আসুন। পঁচাত্তর, আশি, পঁচাশি, নব্বই, পঁচানব্বই, একশ, *এইভাবে* আসুন যদি আপনারা চান। ঠিক আছে, এটা, এখানে লাইনে দাঁড়ান, দ্রুত,

কারণ আমাদের সময় হবে না। আমি বিশ্বাস করতে যাচ্ছি যে আপনারা এটি করবেন।

208 আপনার প্রার্থনা কার্ড দেখুন। আপনার প্রতিবেশীর প্রার্থনা কার্ড দেখুন। কি...আর যদি কেউ পঙ্গু হয়ে থাকে, তাকে প্রার্থনার লাইনে নিয়ে আসুন। তাই যদি তারা ও পেয়ে থাকেন, যেমন ও, সত্তর-...

209 পঁচাত্তর থেকে একশ, *এখানে* লাইনে দাঁড়ান, যদি আপনারা চান। আপনি যেখানেই থাকুন, বারান্দায়, যেখানেই থাকুন, নিচে চলে আসুন, আর যত তাড়াতাড়ি সম্ভব লাইনে আসুন, যদি আপনারা চান, সময় বাঁচাতে।

210 এখন আপনারা এখানে বাকিরা, যাদের কোন প্রার্থনার কার্ড নেই, আপনারা কি হাত তুলে বলবেন, "আমি কোন প্রার্থনার কার্ড পাইনি, ভাই ব্রানহাম, কিন্তু আমি বিশ্বাস করি" ? আপনাদের হাত তুলুন।

211 এখন মনে রাখবেন, আমি আপনার সাথে মহাযাজক সম্পর্কে কথা বলতে যাচ্ছি। "তিনি একজন মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করা যায়।" তিনি *যিহোবা-যিরি*, "প্রভুর দেওয়া বলিদান।" তিনি হলেন *যিহোবা-রাফা*, "প্রভু যিনি আপনাদের সমস্ত রোগ নিরাময় করেন।" আপনারা কি এটা বিশ্বাস করেন ? তিনি হলেন *যিহোবা-মানসেহ*। একটি *রক্ষক*, একটি *ঢাল*, আমাদের *শান্তি*, তিনি এখনও আছেন। ঠিক আছে, কতজন বিশ্বাস করেন যে যিহোবার সেই সমস্ত মুক্তির নাম যীশুর জন্য প্রয়োগ করা হয়েছিল ? অবশ্যই, তাকে হতে হবে। যদি তিনি—যদি তিনি... কেন, তারা অবিচ্ছেদ্য, তাই তাকে এই সবকিছু হতে হয়েছিল। আর যদি তিনি এখনও যিহোবা-যিরি হন, তবে তিনি যিহোবা-রাফা। যদি তিনি যিহোবা-যিরি হন...তিনি *যিহোবা-যিরি*, হলেন "পরিত্রাণের জন্য প্রভুর প্রদত্ত বলিদান," তাহলে তিনি *যিহোবা-রাফা* যে "আমাদের সমস্ত রোগ নিরাময় করে।" আমেন। নিরাময় শুধুমাত্র ঈশ্বর দ্বারা আসতে পারে।

212 ঠিক আছে, মানুষ যখন লাইনে দাঁড়ায়; তারা কারা এবং তারা কে তা দেখার সময় আমার কাছে নেই। কিন্তু এখন, সেখানে যারা জানেন যে আমি আপনাদের চিনি না, আপনাদের হাত তুলুন, বলুন, "আমার ঈশ্বরের প্রয়োজন আছে। কিন্তু আপনি আমাকে জানেন না, ভাই ব্রানহাম, কিন্তু আমার ঈশ্বরের প্রয়োজন আছে। আমি শুধু আমার হাত উঠাতে যাচ্ছি।"

213 এখন আপনি যদি কয়েক মিনিটের জন্য স্থির হন, দেখুন, সাবধানে থাকুন, শান্ত থাকুন। এখন আমি বোঝাতে চাচ্ছি না, যখন আমি বলি, "শান্ত হন,"...প্রভু যদি কিছু করেন, আপনি প্রভুর প্রশংসা করতে চাইবেন; এটা আরাধনা। কিন্তু আমি কি বলতে চাচ্ছি, "উঠে দাঁড়িয়ে, দৌড়ানো," আপনারা জানেন, এটি অসম্মানজনক। দেখুন? আর পবিত্র আত্মা খুব সংবেদনশীল, খুব সংবেদনশীল। দেখুন? ঠিক এইরকম কিছু, আমাকে ছেড়ে চলে যায়, আর তারপর আমাকে যুদ্ধ করতে হয়, আবার, দেখুন। কিন্তু আপনারা যদি শুনেন!

214 আপনাদের তার প্রথম প্রতিশ্রুতি মনে আছে? "লোকেদের আপনাকে বিশ্বাস করতে দিন আর তারপরে আন্তরিক হন, প্রার্থনার সামনে কিছুই দাঁড়াবে না।" আপনাদের সেটা মনে আছে? সেটা ঠিক। এবং সেটা...আমি এটিকে কখনও ব্যর্থ হতে দেখিনি, আর এটি ব্যর্থ হবে না। এটা ঈশ্বর।

215 এখন আমরা প্রার্থনা লাইন তাড়াতাড়ি করব, যেন আমরা যত বেশী লোকদের জন্য প্রার্থনা করতে পারি। কিন্তু আপনারা যারা প্রার্থনার কার্ড পেয়েছেন এবং আজ রাতে ডাকা হয়নি, আপনার কার্ড ধরুন, আমরা আপনাকে ডাকতে যাচ্ছি। ঠিক আছে।

216 এখন আপনারা সেখানে যারা প্রার্থনা কার্ড ছাড়া আছেন, মনে রাখবেন। অথবা, আপনারা সেখানে বাইরে, আপনাদের কাছে প্রার্থনা কার্ড থাকুক অথবা না থাকুক, শুধু বিশ্বাস করুন যে তিনি এখানে ইব্রীয় ৪র্থ অধ্যায়ের মতো। "তিনি হলেন মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করা যায়।" দেখুন তিনি আছেন কিনা...দেখুন যিহোবা তাঁর লোকেদের মধ্যে নিজেকে প্রতিনিধিত্ব করেছেন, যেমন তিনি সদোমের দিনে করেছিলেন। ঠিক আছে।

217 ঠিক আছে, মহাশয়। এখন আসুন প্রার্থনা করি, এখন, প্রকৃত শ্রদ্ধেয় হন। এখন মনে রাখবেন, ঈশ্বরের নিকট থেকে একটি বাক্য কোন মানুষের বাক্যের চেয়ে অনেক বেশি মূল্যবান। এখন, এই ব্যক্তিটি এখানে, আমি—আমি তাকে চিনি না। এবং আমি অনুমান করি তিনি...আপনি আমার কাছে অপরিচিত, আপনি কি, মহাশয়? [ভাইটি বললেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] আপনি একজন অপরিচিত। আমরা একটা বিষয় জানি, আমাদের দুজনকেই একদিন ঈশ্বরের সান্নিধ্যে দাঁড়াতে হবে; মানুষ হিসাবে, আমাদের সেখানে দেখা করতে হবে। এটা আমাদের প্রথম দেখা।

218 এখন যদি আপনি এখানে আসেন, যদি আপনি অসুস্থ হন, আমি জানি না; এটা অন্য কিছু হতে পারে, দেখুন। কিন্তু আমি যদি—যদি আপনার উপর হাত রাখি, বলি, "প্রভুর প্রশংসা করুন! যান, ভালো হয়ে যান।" এটা ঠিক আছে। আপনি সেটা বিশ্বাস করতে পারেন। কিন্তু তিনি যদি আপনাকে বলেন আপনার সাথে কি ভুল হয়েছে? এখন, দেখুন, এটি ভিন্ন, তাহলে আপনি জানেন যে এটি তাঁর বৈশিষ্ট্যকে চিহ্নিত করে। দেখুন, এটা আমার বৈশিষ্ট্য হবে না। আমি একজন পুরুষ; আমি তার সম্পর্কে কিছুই জানতাম না। আমি শুধু তাকে বললাম, "আমি আপনাকে চিনি না।" তিনি আমাকে চেনেন না। কিন্তু এটি কি করবে? এটি কাল, আজ এবং অনন্ত কালের জন্য যীশু খ্রীষ্টের গুণাবলীকে একইভাবে চিহ্নিত করবে। এটা জেনেও যে সেটা আমি হতে পারি না, আমি হতে পারি না, কারণ আমি লোকটিকে চিনি না। আমি আমার হাত উঠাবো; *এখানে* বাক্য আছে, দেখুন? আমি তাকে চিনি না। তিনি আমাকে চেনে না। কিন্তু যীশু খ্রীষ্টের গুণাবলী...

219 যীশু যদি এখানে দাঁড়িয়ে থাকেন, আর তিনি, অসুস্থ, যদি তিনি বলেন, "প্রভু যীশু, আমাকে আরোগ্য প্রদান করুন," যীশু তাকে কি বলতেন? "আমি এটা ইতিমধ্যে করেছি।" এটা কি ঠিক?

220 "তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত বিদ্ধ; তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল।" আমরা যে সকল পরিত্রান পেতে পারি সেটা কালভেরীতে হয়েছিল। সেখান থেকে, এটি বিশ্বাস, সমাপ্ত কাজকে বিশ্বাস করা। এটা কি ঠিক? ঠিক আছে।

221 এখন, এখন যদি যীশু জীবিত থাকেন, এবং আমি তাঁর বাক্যের কথা বলেছি...সেখানে আপনি, সেই সরলতা এবং বিশ্বাসে ফিরে এসেছেন, তাঁর বাক্যে বিশ্বাসী। সেই রাতে যখন তিনি আমার সাথে দেখা করেন, তিনি বলেছিলেন, "এমনকি তোমরা তাহাদের হৃদয়ের গোপন কথাও জানিতে পারিবে। তারা হাতের প্রথম চিহ্নটি বিশ্বাস করবে না, তাদের এটি বিশ্বাস করতে হবে।" দেখুন? "তারা সেটা না করে, তাহলে রক্ত পৃথিবীকে অভিশাপ দেয়।"

222 ঠিক যেমনটি মোশির সময়ে হয়েছিল। বলেছেন, "আর এই দুই চিহ্নেও যদি বিশ্বাস না করে, তাহলে পৃথিবীতে রক্ত ঢালিয়া দিও," দেখুন, "শুষ্ক ভূমিতে জল ঢালিয়া দিও, রক্ত হইয়া যাইবে।"

223 এখন শুধু খুঁজে বের করার জন্য, আমি যদি দেখতে পারি আপনার কষ্ট কি, এটি আপনাকে সন্তুষ্ট করবে এবং বিশ্বাস করাবে, তাই না? [ভাইটি বললেন, "নিশ্চয়ই।"—সম্পাদকীয়।] আপনি

জানেন যে এটি সেই ব্যক্তির গুণাবলী হতে হবে যার কথা আমি বলছি, যীশু খ্রীষ্ট।

224 লোকটি, আমি যেমন তার দিকে তাকালাম, পিছনে সরে গেলেন। তিনি আচ্ছাদন করা হয়েছে। এমন কিছু নেই যে ওষুধটি কখনই লোকটিকে সাহায্য করবে। তিনি মৃত্যুর সন্মুখে রয়েছেন। সেটা ঠিক। তার একটি অপারেশন হয়েছে, এবং অপারেশনটি একটি প্রোস্টেট অপারেশন ছিল। আর এটি ক্যান্সার, আর ক্যান্সার আপনার মধ্যে ছড়িয়ে গেছে। যদি এটি সঠিক হয়, আপনার হাত উপরে তুলুন। একমাত্র ঈশ্বরই তাকে সুস্থ করতে পারেন। কিন্তু, দেখুন, আমি আপনাকে কিছু বলতে চাই, মহাশয়। সেই শয়তান হয়তো ডাক্তারের ছুরি থেকে লুকিয়ে থাকতে পারে, কিন্তু সে ঈশ্বরের কাছ থেকে লুকিয়ে থাকতে পারে না। আপনি কি এটা বিশ্বাস করেন? আপনি কি এটা বিশ্বাস করেন? তাহলে আমি প্রার্থনা করি, যে, যীশু খ্রীষ্টের নামে, জিনিসটা তাকে যেন ছেড়ে যায়, মানুষটা যেন বাঁচতে পারে। কিছুই না; শুধু দুর্বল হয়ে গেছে। ঠিক আছে।

225 আপনি আর আমি একে অপরের অপরিচিত, একজন পুরুষ এবং একজন মহিলা মিলিত হন। এখন, একজন পুরুষ হিসাবে, আমি আপনাকে চিনি না। এবং সম্ভবত, একজন মহিলা হিসাবে, আপনি আমাকে জানেন না; আপনি হয়ত আমার নাম, বা ছবি, বা এরকম কিছু দেখেছেন, সেটা ছাড়া আর কিছু নয়। কিন্তু আমরা একে অপরকে চিনি না। এটাই আমাদের চরিত্র। আমরা একে অপরের চরিত্র জানি না। কিন্তু খ্রীষ্টের গুণাবলী, তিনি বাক্য, এবং বাক্য এই দিনের জন্য প্রতিশ্রুত হয়েছে। আপনি আমাকে এটা বলতে শুনেছেন। তাহলে তার গুণাবলী এখানে তাকে চিহ্নিত করবে। আমি তাকে চিহ্নিত করি না। আমি আপনাকে চিনি না। আপনি বুঝতে পেরেছেন। আমাদের—আমাদের মণ্ডলী কি তা বোঝে? [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়।] দেখুন? আমি—আমি একজন পুরুষ। আমি শুধু আপনার ভাই।

226 কূপের মহিলার মতো, কিছু বলুন যা ভুল, আপনার সাথে কিছু ভুল হয়েছে, অথবা আপনি কি চান, বা আপনি এখানে কি জন্য এসেছেন। ঈশ্বর এর বিচার করুক। আপনি রক্তস্বল্পতায় ভুগছেন। এটা ঠিক, তাই না? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।]

227 আমি—আমি ক্রমাগত আঘাত করেছি, কেউ ভাবছে যে আমি এটি অনুমান করেছি। আমি এটা অনুমান করি নি। না। প্রতিবার মাঝে মাঝে, আমি অনুভব করি যে, কেউ না কেউ। আপনি এখন আপনার চিন্তা লুকাতে পারবেন না। এখন সেখানে আছে, আমি

জানি, এখানে দুইজন সত্যিকারের খারাপ সন্দেহবাদী বসে আছে। দেখুন? তাই এখন মনে রাখবেন আমি আপনার নামও ডাকতে পারি, ঈশ্বরও পারেন, তাই আপনি এই চিন্তা ছেড়ে দিন। আমাকে দেখাতে দিন।

228 এখানে দেখুন, ভদ্রমহিলা। আমার দিকে দেখুন। আমি জানি না তিনি আপনাকে কি বলেছেন, তবে আমি—আমি জানি তিনি কি। আর এটাই তার গুণাবলী প্রমাণিত। হ্যাঁ, এটি রক্তশূন্যতার অবস্থা, রক্ত, জল।

229 এখন, এখানে, এখানে কিছু আছে। দেখুন যদি তারা মনে করে এটা অনুমান। একটি শিশু আছে যার জন্য আপনি প্রার্থনা করছেন, সে এখানে। সেটা ঠিক। তার গলা, টনসিল, এডিনয়েড রয়েছে। এটি একটি অপারেশনের জন্য প্রস্তুত। এটা কি ঠিক না? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] সেই রুমালটি নিন এবং তার উপর রাখুন আর বিশ্বাস করুন। সন্দেহ করবেন না। তার অপারেশনের প্রয়োজন হবে না। এখন সম্পূর্ণ হৃদয়ে বিশ্বাস করুন।

230 আপনি কেমন আছেন? ব্যাপারটা হল, এখানে এই মহিলার বিষয়ে, যে আপনি কিছু বিষয়ে ভয় পাচ্ছেন। আপনি ভয় পাচ্ছেন যে একটি জন্মচিহ্ন ক্যান্সারে পরিণত হয়েছে। উহ-হু, উহ-হুহ। এখন যান, বিশ্বাস করুন, আর এটি এমন হবে না। শুধু যান, আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করে। গুণাবলী, আমার নয়; তাঁর!

231 আপনি কি এখন বিশ্বাস করেন? এটা দেখে সবার বিশ্বাস হওয়া উচিৎ।

232 এখন, আমি আপনাকে চিনি না। আমি তোমার কাছে অপরিচিত। ঈশ্বর আপনাকে জানেন। আপনি কি এটা বিশ্বাস করেন...? আপনি জানেন যে আমি আপনাকে চিনি না, আর আপনি জানেন যে আপনি আমাকে জানেন না, তাহলে আপনি কি বিশ্বাস করেন যে এই আত্মা যে কথা বলছে সে আমার আত্মা হতে পারে না? কারণ, আমি, একজন মানুষ হিসাবে, আমি আপনাকে চিনি না। কিন্তু প্রতিশ্রুত বাণীর বৈশিষ্ট্য হল সেই বাক্য যা দুই ধারের তরবারির চেয়েও ধারালো, এবং হৃদয়ের চিন্তার সূক্ষ্ম বিচারক ও অভিপ্রায়কে উপলব্ধি করে।

233 আপনি খুব অসুস্থ। আপনার মহিলার সমস্যা ছিল, যা হল গর্ভ এবং সেই গর্ভের ক্যান্সার ছিল। আর আপনি গিয়ে এক ধরণের চিকিৎসা নিয়েছিলেন, এটি একটি রেডিয়াম চিকিৎসা ছিল, আর এটি একটি কাজ করে, আপনার মধ্যে এটি ছড়িয়ে দেয়। আর

আপনি—আপনি মারা যাবেন যদি ঈশ্বর আপনাকে সুস্থ না করেন। সেটা সত্য। আপনি কি এখন বিশ্বাস করেন যে তিনি আপনাকে সুস্থ করবেন? [বোন বলেন, “হ্যাঁ।”—সম্পাদকীয়।] স্বর্গের ঈশ্বর সেই শয়তানকে ধমক দিন যে ডাক্তারের কাছ থেকে লুকিয়ে আছে। সে রেডিয়াম থেকে লুকিয়ে থাকতে পারে, কিন্তু পবিত্র আত্মার কাছ থেকে নয়। যান, তাকে বিশ্বাস করুন, এখন, বোন। সন্দেহ করবেন না, কিন্তু বিশ্বাস করুন।

234 আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর সেই হাঁপানির অবস্থা আরোগ্য করতে পারেন আর আপনাকে সুস্থ করতে পারেন? [ভাই বলেন, “হ্যাঁ।”—সম্পাদকীয়।] আপনি এটা বিশ্বাস করেন? তাহলে আপনার পথে যান, আনন্দ সহকারে, এই বলে, “ধন্যবাদ প্রভু। আমি বিশ্বাস করি আমার হাঁপানি চলে গেছে।”

235 আপনি কেমন আছেন? আপনি স্নায়বিক। আপনি অনেক দিন ধরে স্নায়বিক ছিলেন। সেখানে, এটি আপনার পেটে একটি পেপটিক আলসার সৃষ্টি করেছে, যা আপনাকে—আপনার পেটের সমস্যা সৃষ্টি করে। আর আপনি চান...আপনি আপনার রাতের খাবার খেতে চান? আমি আপনাকে যা করতে বলি আপনি কি তা করবেন? যান, আহার করুন, প্রভু যীশুর নামে।

236 আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন? [বোন বলেন, “আমি করি।”—সম্পাদকীয়।] আপনি একজন খুব সুন্দর তরুণী, মনে হচ্ছে। আপনি কি আমাকে তাঁর সেবক বলে বিশ্বাস করেন? [“আমেন।”] আপনি কি বিশ্বাস করেন যে তাঁর গুণাবলী এখানে হতে পারে...বাক্য, নিজেই, এবং এই দিনের প্রতিশ্রুতি, “আমি যে কার্য্য করিতেছি তোমরাও করিবে”? [“আমেন।”] আমি আরোগ্য করতে পারি না। তিনি ইতিমধ্যে তা করেছেন; কিন্তু তাঁর গুণাবলী তাঁকে দেখায়, বলতে পারে আপনার কী সমস্যা। আপনার মহিলার সমস্যা রয়েছে, মহিলা সমস্যা। [“হ্যাঁ, মহাশয়।”] আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর এখন এটি আরোগ্য করেন? [“হ্যাঁ। আমেন।”] আপনার পথে যান, এটি আপনাকে আর বিরক্ত করবে না। আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন।

237 আপনি কি আমাকে তাঁর দাস বলে বিশ্বাস করেন? [বোন বলেন, “হ্যাঁ, মহাশয়।”—সম্পাদকীয়।] ঈশ্বর যদি আমাকে বলেন আপনার সমস্যা কি, আপনি কি বিশ্বাস করবেন এটা যীশু খ্রীষ্টের গুণাবলী? এটি আপনার পিছনে আছে। এটা আর নেই। যান, আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করুন। বিশ্বাস করুন।

238 আসুন, ভদ্রমহিলা। আপনারও পেটের সমস্যা আছে। আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন, আর আপনার রাতের খাবার খেতে যান। এটা সম্পর্কে ভুলে যান। যীশু খ্রীষ্ট আপনাকে ভাল করে তোলেন।

239 আসুন। আপনার কষ্ট আপনার রক্ত। আপনি একজন ডায়াবেটিস। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন এবং আপনাকে সেটা থেকে আরোগ্যপ্রদান করবেন? আপনার পথে যান, আর বলুন, "ধন্যবাদ, প্রভু যীশু," আপনাকে ভালো করে। যান, আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করুন।

240 আসুন। আপনার পিঠ, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর পিঠকে সুস্থ করে দেবেন আর আপনাকে সুস্থ করবেন? আপনার পথে যান, আনন্দ করুন, আর বলুন, "ধন্যবাদ, প্রভু যীশু।"

241 আপনার পিঠেও কিছু সমস্যা ছিল। শুধু হাঁটিতে থাকুন এই বলে, "ধন্যবাদ প্রভু। আমি সুস্থ হয়ে গেছি।" আপনার সমস্ত হৃদয় দিয়ে এটি বিশ্বাস করুন।

242 আপনারও পিঠের সমস্যা ছিল। আপনি এই সম্পর্কে কি জানেন? এখন আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন, এবং আপনার পথে যান আর সুস্থ হন। বিশ্বাস করুন যীশু খ্রীষ্ট আপনাকে ভাল করেছেন। "বিশ্বাস করতে পারলে সবই সম্ভব।" ঠিক আছে।

243 আমি যদি আপনাকে কিছু না বলি, শুধু পাশ দিয়ে তার উপর হাত রাখি, আপনি কি বিশ্বাস করেন সে ভালো হয়ে যাবে? তারা দেখছে কি সমস্যা রয়েছে। আপনি কি বিশ্বাস করেন সে হবে? এখানে আসুন। আমি যীশু খ্রীষ্টের নামে এই শয়তানকে বিরক্ত করি। ঈশ্বরের শক্তি শিশুটিকে সুস্থ করুক। আমেন। সন্দেহ করবেন না, মোটেও সন্দেহ করবেন না আর সে সুস্থ হয়ে উঠবে। আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন।

244 যদি ঈশ্বর আপনাকে আরোগ্য না করেন, আপনি বাতের সাথে একদিন ক্রাচে উপর থাকবেন। কিন্তু আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার বাত নিরাময় করেন? তাহলে যান, বলুন, "ধন্যবাদ প্রভু। আমি আপনাকে বিশ্বাস করব, আর আপনি আমাকে সুস্থ করবেন।" ঠিক আছে।

245 এখন আসুন। এটা সত্যিই আপনার বয়স। আপনি সত্যিই নার্ভাস। সত্যিই নার্ভাস হয়ে যান, সন্ধ্যার সময়ে। আপনি যখন কাজ করেন এবং সবকিছু করেন, আপনি সত্যিকারের নার্ভাস হন। আপনি

এখন বিশ্বাস করেন? তাহলে আপনাকে আর বিরক্ত করবে না। আপনার পথে যান, "ধন্যবাদ, প্রভু যীশু," বলে।

246 আসুন, মহাশয়। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর হৃদয়ের সমস্যা নিরাময় করেন? [ভাই বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] আপনার হৃদয় সুস্থ করবেন? শুধু বলতে থাকুন, "ধন্যবাদ প্রভু। আমি আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি।"

247 ঈশ্বর যক্ষ্মা নিরাময় করেন, এবং সুস্থও করেন। আপনি কি মন দিয়ে বিশ্বাস করেন মহাশয়? [ভাই বলেন, "আমি এটা বিশ্বাস করি।"—সম্পাদকীয়।] ঠিক আছে। আনন্দ সহকারে আপনার পথে যান, "ধন্যবাদ, প্রভু যীশু," বলে।

248 সেখানে আপনার বিষয়ে কি, আপনি বিশ্বাস করেন? দর্শকদের বিষয়ে কি? শ্রোতাদের মধ্যে কেউ কেউ এখন বিশ্বাস করেন।

249 এই লোকটি এখানে বসে আছেন, ব্রঙ্কাইটিস নিয়ে, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর শ্বাসনালীর সমস্যা নিরাময় করবেন? ঠিক আছে, আপনি যা চেয়েছেন তা পেতে পারেন। আমেন।

250 উচ্চ রক্তচাপ, ঠিক তার পিছনে বসে আছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার উচ্চ রক্ত নিরাময় করবেন? এটা আপনাকে ছেড়ে চলে গেছে, মহাশয়। আমি তাকে চিনি না, জীবনে দেখিনি।

251 বলুন, মহাশয়, আপনি কি বিশ্বাস করেন যে আপনার পেশীতে খিঁচুনি, নার্ভাস পেশীর খিঁচুনি, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর ভাল করবেন? আপনি করেন? বিশ্বাস থাকলে হাত তুলুন। ঠিক আছে।

252 আপনার স্ত্রী সেখানে বসে আছেন, সে সাইনাসের কষ্টে বিরক্ত। আপনি কি বিশ্বাস করেন যে এটি আপনাকে ছেড়ে চলে যাবে, বোন?

253 আমাদের ঠিক পিছনে বসে থাকা ভদ্রমহিলাটির নিউরাইটিস আছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার স্নায়ুর প্রদাহ নিরাময় করবেন?

254 এখানে একটি ছোট কোট, লাল কোট পরিহিত, এখানে একজন ভদ্রমহিলা আছেন। তিনি সেখানে বসে আছেন। তারও সাইনাসের সমস্যা আছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার সাইনাসের সমস্যা নিরাময় করবেন? আপনি যদি বিশ্বাস করেন তবে আপনার হাত উপরে তুলুন।

255 এখানে কেউ যে বিশ্বাস করে যে যীশু খ্রীষ্টের গুণাবলী আজ রাতে আমাদের মধ্যে রয়েছে, হাত তুলে বলুন, "আমি এটা বিশ্বাস করি।" [মণ্ডলী বলল, "আমি এটা বিশ্বাস করি।"—সম্পাদকীয়।]

256 এখানে যারা আছেন, আপনার আরোগ্যপ্রদানকারী হিসাবে তাকে গ্রহণ করবেন, আপনার পায়ে দাঁড়িয়ে বলুন, "আমি এটা বিশ্বাস করি।" উঠে দাঁড়ান। আপনার চেয়ার থেকে উঠে দাঁড়ান, যাই হোক না কেন। যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই। আমি প্রভু ঈশ্বরের নামে এটা আপনাদের দিচ্ছি।

ঈশ্বর তাঁর গুণাবলীর দ্বারা নিজেকে প্রকাশ করছেন BEN64-0320

(God Identifying Himself By His Characteristics)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় শুক্রবার সন্ধ্যায়, ২০ মার্চ, ১৯৬৪ খ্রীষ্টাব্দে, ডেনহাম স্প্রিংসের ডেনহাম স্প্রিংস হাই স্কুল, লুইসিয়ানা, ইউ.এস.এ. তে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org